DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
Dt. 05.04.2025


# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 14 ■ 5th April 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ভর্তি চলছে • CAT • MAT • CLAT • HMAT
• NEET (ADV+MAIN) • JEE • GNM Nursing
• JENPAS • D-PHARM • B-PHARM
• WB JUDICIAL SERVICE • UPSC • WBCS
IVY Consultancy Services
True Education • Proper Guidance • Best Services
Purbopara Dasghara, Dhaniyakhli, Hooghly
7908245799, 8972062918


রেলে মাধ্যমিক ও আই.টি.আই থেকে পাশ ছেলেমেয়েদের জন্য
দরখাস্ত নেওয়া শুরু ১০ এপ্রিল থেকে, চলবে ৯ মে পর্যন্ত

# রেলে ৯,৯০০ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচী, চেন্নাই, আহমেদাবাদ, প্রয়াগরাজ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমের, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ২৯টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে 'অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট' পদে আবার ৯,৯০০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। দরখাস্ত নেওয়া শুরু হবে ১০ এপ্রিল থেকে। চলবে ৯ মে পর্যন্ত। কারা কোন পদের জন্য যোগ্য তার বিস্তারিত তথ্য দেওয়া হল :

মাধ্যমিক পাশরা স্বীকৃত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়্যারম্যান, ট্রাক্টর

এরপর ১২ পাতায়


LL.B (3 Yrs)
Direct Admission
যোগ্যতা : যেকোন বয়সে এবং যেকোন University-র গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST - 40%
LL.B (5 Yrs), LL.M
'ল' পয়েন্ট
9830132343, 6290760935
১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৭০০০০৯

ICE Academy
WBCS (গ্রুপ A/B/C/D)
SSC, Railway, Bank
WBPSC, Combined
নতুন ব্যাচ : 6 ও 12 এপ্রিল
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

Hotel Management
১ বছরের কোর্সে ভর্তি চলছে
কোর্স ফী 30,000/-
কোর্স শেষে সরাসরি দেশে ও বিদেশে চাকরি।
Global School of Management, Kalyani
9433947225, 9062269582

রেলে 9900 শূন্যপদ
Assistant Loco Pilot
নতুন ব্যাচে ভর্তি চলছে
itee (Since 2011)
দমদম, বারাসাত
8910393989
www.iteeonlineportal.com


## ২০৯ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : নয়া দিল্লির সি.এস.আই.আর-সেন্ট্রাল রোড রিসার্চ ইনস্টিটিউট 'জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র স্টেনোগ্রাফার' পদে ২০৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য: ভ্যাকেন্সি কোড : JSA (G) : জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (জেনারেল) : উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে যথার্থ গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৯৪টি (জেনাঃ ৪৩, ও.বি.সি. ২৫, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৮)।

এরপর ৪ পাতায়

## কলকাতায় সফটওয়্যার সেক্টরে ২৮,৭১২ চাকরি

সবুজ সেন, সল্টলেক : আন্তর্জাতিক রেটিং সংস্থা, প্রাইস ওয়াটার হাউজ কুপারস (PWC) এর রিপোর্ট অনুযায়ী, আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জুলাই-সেপ্টেম্বর) এইক্ষেত্রে রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ১১,২৯২ জনের নিয়োগ হয়েছে। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেডে। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন,

এরপর ৩ পাতায়

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের মাধ্যমে

## নার্সিং, এম.সিএ, প্যারামেডিক্যাল ও প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ভরতি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ডের মাধ্যমে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে যে যে কোর্সে ভরতির জন্য দরখাস্ত নেওয়া হবে তার তালিকা WBJEE ঘোষণা করেছে। এবছর ভরতি নেওয়া হবে এইসব কোর্সে : (১) ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচারের ডিগ্রি (WBJEE), (২) নার্সিং ও প্যারামেডিক্যালের বি.এসসি.

এরপর ৪ পাতায়


DR. K. R. ADHIKARY COLLEGE OF OPTOMETRY AND PARAMEDICAL TECHNOLOGY
: Affiliated to UNIVERSITY OF KALYANI:
ISO 9001:2015 & 29990-2010 CERTIFIED INSTITUTION
WEBEL IT Park (Phase-II), Near Buddha Park, Kalyani, Nadia, 741235
www.kradhikarycollege.org ■ E-mail : kradhikarycollege@gmail.com
9339218894 • (033)25809369 • 8100149510
A pioneer institute in Paramedical Field in West Bengal since 2003
DIPLOMA COURSES
Eligibility : H.S. (10+2) (Science). Other than science students compulsory one year Pre-Optometry and Pre-Technology course (Bridge course) • Duration : 2 years + 6 months Internship
- DOS & OT (Diploma in Optometrical Science and Ophthalmic Technique)
- DMLT (Diploma in Medical Laboratory Techinique)
- DMRT (Diploma in Medical Radiology Technique)
- DPT (Diploma in Physiotherapy Technique)
- DOTT (Diploma in Operation Theatre Technology)
- DCCT (Diploma in Critical Care Technology)
- DDT (Diploma in Dialysis Technology)
- DECG & PFT (Diploma in Electrocardiography and Pulmonary Function Test)
- DDT & OH (Diploma in Dental Technology and Oral Hygiene)
- DPA & ED (Diploma in Physician Assistant and Essential Drug)
- DAT (Diploma in Anesthesia Technology)
- DEPFT (Diploma in Electro Cardiography & PFT)



MANADA ADHIKARY SCHOLARSHIP
Full AC campus
Duration : One year • Eligibility : Degree / Diploma in Optometry
ADCLP (Advance Diploma in Contact Lens Practice)
Student Credit Card facilities
PG DIPLOMA COURSES
Duration : One year + 6 months compulsory Internship
Eligibility : Graduation in Science / Paramedical / Allied Health and Health Sciences
- PGDMLT (Post-Graduate Diploma in Medical Laboratory Technology)
- PGDMRT (Post-Graduate Diploma in Medical Radiology Technology)
- PGDOTT (Post-Graduate Diploma in Operation Theatre Technology)
- PGDDT (Post-Graduate Diploma in Dialysis Technology)
- PGDCCT (Post-Graduate Diploma in Critical Care Technology)
- PGDGCT (Post-Graduate Diploma in Geriatric Care Technology)
- PGDHA (Post-Graduate Diploma in Hospital Administration)
CERTIFICATE COURSES
Duration : One year + 6 months compulsory Internship
Eligibility : Madhyamik or equivalent
- CCMS & ED (Certificate in Community Medical Service and Essential Drug)
- CSI (Certificate in Sanitary Inspection)
- CBPN (Certificate in Basic Practical Nursing)
পশ্চিম মেদিনীপুরে 4 ও 5 এপ্রিল 'কেরিয়ার ফেয়ার'এ আসছি, সরাসরি আপনাদের সঙ্গে কথা বলতে


স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে

## ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ

সৈকত হালদার, কলকাতা : কৃষি ক্ষেত্র বাদে যেকোনো ধরনের উৎপাদনমূলক বা পরিষেবামূলক ব্যবসার জন্য 'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' থেকে ঋণ নিতে পারেন। প্রকল্পটি রূপায়িত করছে পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম লিমিটেড। শহর ও গ্রামের বেকার ছেলেমেয়েদের স্বনিযুক্তির জন্য এই প্রকল্পটি ২০১২ সালের ১৯ সেপ্টেম্বর স্বামী বিবেকানন্দর নামে চালু হয়। আগে নাম ছিল বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প।

রাজ্য সরকারের এই প্রকল্পের উদ্দেশ্য হল রাজ্যের শহর ও গ্রামীণ এলাকায় ছোটো-খাটো উৎপাদন ইউনিট, বাণিজ্য, পরিষেবা বা কৃষিভিত্তিক শিল্প, ফুল চাষ, উদ্যানপালন, সরাসরি কৃষি ছাড়া পশুপালন-সহ অন্য যেকোনো ক্ষেত্রের ব্যবসায় সাহায্য করা।

এই ঋণের ২টি ভাগ : আত্মমর্যাদা

এরপর ৩ পাতায়

## ৬৩ জুনিয়র এক্সিকিউটিভ

নিজস্ব প্রতিনিধি, মুম্বই : হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন 'জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল, ফায়ার অ্যান্ড

এরপর ৪ পাতায়

## ৭২ জুনিয়র ইঞ্জিনিয়ার

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন লিমিটেড 'জুনিয়র ইঞ্জিনিয়ার' পদে ৭২

এরপর ৩ পাতায়


GENEX SUPTENNDU GROUP



2022-25 শিক্ষাবর্ষে WBNC-তে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে আমাদেরই কলেজের ২ কৃতী ছাত্র



TRISHIK SANKAR SAHA
WBNC RANK : 1st
SUBHANJAN KAYET
WBNC RANK : 2nd
GNM
BASUDEB NURSING ACADEMY (Female)
Affiliated By : I.N.C & W.B.N.C.
LAXMI NURSING INSTITUTE (Male)
Affiliated By : W.B.N.C. / I.N.C Applied
GENEX NURSING INSTITUTE (Male)
Affiliated By : I.N.C & W.B.N.C.
D.PHARMA
Genex College of Pharmaceutical Science & Technology
Affiliated by WBSCTVE & SD Approved by PCI
- অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী WI-FI পরিষেবা
- স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা
- কিস্তিতে কোর্স ফী মেটানোর সুবিধা
ADMISSION OPEN
Address: Sugandha, P.S- Polba, Dist.- Hooghly
9748305453 / 6290094671


**কর্মসংস্থান** পত্রিকার উদ্যোগে উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## জেলায়-জেলায় কেরিয়ার ফেয়ার

নিজস্ব প্রতিনিধি, পশ্চিম মেদিনীপুর : এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়াও, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ.এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স

এরপর ৩ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রিট, কলি-9, 7980637213

CM

## শিক্ষক-শিক্ষিকা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে B.A, M.A, M.Sc, LLB, B.Ed; M.Ed, M.M.A, P.Hd – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007

S

### স্পেশাল এডুকেটর TET

অনলাইন এবং অফলাইন কোচিং। প্রাইমারি ও আপার প্রাইমারি চ্যালেঞ্জিং নোট, VI, HI এবং MR এর পৃথক শিক্ষক, 50 Mock Test, TET-এ সর্বোচ্চ 123 No.-সহ 2022-এ ১৬০ জন সফল। যোগাযোগ- নরেন্দ্রপুর ও মেচেদা : 8653501110

D

## কর্মখালি

### হেল্পার লাগবে

পাল্লবী ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে হেল্পার লাগবে। যোগ্যতা : অষ্টম শ্রেনী পাশ। মাপজোক করায় দক্ষতা থাকতে হবে। বয়স : ১৮ - ৪৫। শুরুতে স্টাইপেন্ড। ফোন : 9831013679. কলকাতা-১৪।

SH(A)

### আর্জেন্ট ভ্যাকান্সি

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক - স্নাতক, বেতন : 18000–49000, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 8167698047

SA

### স্কাই এয়ারওয়েস

এয়ারপোর্টে কন্ট্রাকটরের অধীনে ট্রলিবয়, অ্যানাউন্সার, গ্রাউন্ডস্টাফ, ফুড.প্যাকিং বিভিন্ন পদে M/F চাই। বেতন : (22K–48K) OT সহ অন্যান্য সুবিধা। M: 9038103014

SP

### HDFC BANK DSA তে

জেলাভিত্তিক M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা অনুযায়ী পদ ও বেতন : 18,600/-–52,400/-, SC ও ST দের বিশেষ ছাড় ও Ex- আর্মিদের বিশেষ সুবিধা। যোগাযোগ- M : 8116334359

SA

## কর্মখালি

### রবীন্দ্র পাঠভবন

Placement Officer এবং Mobilizer জন্য দক্ষ লোক চাই। Location - বেলঘরিয়া, আরামবাগ, গরুবাথান। যোগাযোগ : 8335066918 / 9007760530

SH

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 19K (PF+ESI) নৈহাটি - 9051486733, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

### জরুরী বিজ্ঞপ্তি

WBSEDCL কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে M/F সরাসরি কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : অষ্টম- স্নাতক। বেতন: 16200/-–48800/- এছাড়াও Ex-Army বিশেষ সুবিধা আছে। M : 8167844762

SA

### জরুরি বিজ্ঞপ্তি

কলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে সরাসরি ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : HS–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 18200–68500, PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা। যোগাযোগ - M : 7449541824

SA(A)

## কর্মখালি

### Axis Bank DSA-তে

21টি জেলায় নিয়োগ। যোগ্যতা : SF উর্দ্ধে। বেতন : (22K–48K)+ ইনসেন্টিভ, ইনক্রিমেন্ট। ST, SC, OBC-দের ছাড় আছে। বিশদ জানতে ফোন করুন : 9088232191

SP

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। মোট আসন-2786, স্যালারি - 30K to 94K. Age - 18+ -55 M/F নিয়োগ। থাকা খাওয়া ফ্রী পুরো PF, ESI, বোনাস সুবিধা অষ্টম - স্নাতক। M : 8695119625

SA

### আর্জেন্ট জয়েনিং

TATA GROUP AIRLINES- এর অধীনে কলকাতা, দমদম, শিলিগুড়ি, বাগডোগরা ও দুর্গাপুর অন্ডাল এয়ারপোর্ট-এ শিক্ষাগত যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 17700–65900, সাথে PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা। M : 9007200611

SA(A)

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি 7 দিনে জয়েনিং

ব্যাঙ্কে স্থায়ী চাকরি। নিজের জেলায় 10 পাশ + যোগ্যতায় ছেলে ও মেয়েদের পার্মানেন্ট চাকরির সুযোগ। 324 জন নেওয়া হবে। বেতন : 21600+. ESI, PF ও প্রমোশন পাবে। সত্বর যোগাযোগ M : 8348898629

SA

### আর্জেন্ট জব ভ্যাকান্সি

কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 18700/- – 68900/-, PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা আছে। M : 9674013282

SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514 / 9830795430

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। সিনেমা হলের দেওয়ালে রবারের প্যাড লাগানো থাকে কেন — শব্দের অনুরণন কমানোর জন্য।

২। গাড়িতে শব্দদূষণ রোধে কী ব্যবহার করা হয় — সাইলেন্সার।

৩। কারখানার চিমনির ধোঁয়া কোন পদ্ধতিতে চারিদিকে ছড়িয়ে পড়ে বায়ুদূষণ ঘটায় — ব্যাপন পদ্ধতিতে।

৪। কোন প্রাণীর গমন অঙ্গ প্যাডেল — তিমি।

৫। হাইড্রোজেন গ্যাস কী রঙের শিখায় জ্বলে — নীল।

৬। ঠান্ডা জলে দ্রাব্য কিন্তু গরম জলে অদ্রাব্য, এমন একটি গ্যাসের নাম কী — হাইড্রোজেন সালফাইড।

৭। সালফারের কেলাসাকার রূপভেদ কী কী — রম্বিক সালফার ও মনোক্লিনিক সালফার।

৮। সালফারের অনিয়তাকার রূপভেদ কী কী — প্লাস্টিক সালফার ও কলয়ডীয় সালফার।

## ইতিহাস

৯। পশ্চিম ভারতের নবজাগরণের জনক কে ছিলেন — মহাদেব গোবিন্দ রানাডে।

১০। কোন ভাইসরয় ১৮৭৮ সালে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট ও অস্ত্র আইন পাস করেন — লর্ড লিটন (১৮৭৬ সাল থেকে ১৮৮০ সাল পর্যন্ত ভারতের ভাইসরয় হিসাবে দায়িত্ব পালন করেন তিনি)।

১১। কে ১৯১২ সালের দিল্লি ষড়যন্ত্রের পরিকল্পনাকারী বলে জানা যায় — রাসবিহারী বসু।

১২। দাদাভাই নওরোজি কতবার 'ভারতীয় জাতীয় কংগ্রেস'এর সভাপতি হয়েছিলেন — ৩ বার (১৮৮৬, ১৮৯৩ ও ১৯০৬)।

১৩। দ্বিতীয় বৌদ্ধ পরিষদের সভাপতিত্ব করেছিলেন কে — সাবাকামি (৩৮৩ খ্রিস্টপূর্বাব্দে বৈশালীতে দ্বিতীয় বৌদ্ধ সম্মেলন হয়)।

১৪। রাজা প্রসেনজিৎ ছিলেন ভগবান বুদ্ধের সমসাময়িক ও তাঁর বন্ধু। তিনি কোন রাজ্যের রাজা ছিলেন — কোশল।

১৫। রুকাইয়া সুলতান বেগম কোন মোগল শাসকের স্ত্রী ছিলেন — আকবর।

১৬। বিখ্যাত হিন্দি কাব্য 'পদ্মাবত' কে লিখেছেন — মালিক মুহাম্মদ জায়াসী।

## ভূগোল

১৭। কিরিবুরু ও মেঘাহাতুবুরু খনিগুলি কোন খনিজের জন্য বিখ্যাত — লৌহ আকরিক।

১৮। বিন্ধ্য ও সাতপুরা পর্বতমালার মধ্যে কোন নদী প্রবাহিত হয়েছে — নর্মদা।

১৯। 'মহাত্মা গান্ধী সেতু' কোন নদীর তীরে অবস্থিত — গঙ্গা (সেতুটি দক্ষিণে পটনাকে, বিহারের উত্তরে হাজিপুরের সঙ্গে সংযুক্ত করে)।

২০। 'ইন্দিরা পয়েন্ট'এর আগের নাম কী ছিল — পিগম্যালিয়ন পয়েন্ট।

২১। 'চিল্কা' ও 'কোলেরু' হ্রদের মধ্যবর্তী উপকূলীয় সমভূমিটি কোন নামে পরিচিত — উৎকল সমভূমি (এই এলাকাটি কলা, ধান ও নারকেল চাষের জন্য উপযুক্ত)।

২২। পূর্ব হিমালয় অঞ্চলের বৃহত্তম হিমবাহ কোনটি — জেমু (সিকিমে অবস্থিত এই হিমবাহটির দৈর্ঘ্য ২৬ কিলোমিটার)।

২৩। ভারতের কোন রাজ্যে প্রতি হেক্টরে সারের ব্যবহার সবথেকে বেশি — পাঞ্জাব (২৪০ কেজিরও বেশি)।

২৪। ভারতে ক'টি প্রধান সমুদ্র বন্দর রয়েছে — ১৩টি।

## সাম্প্রতিক ঘটনা

২৫। 'বিশ্ব এইডস দিবস' কবে পালিত হয় — ১ ডিসেম্বর।

২৬। ভারত-কম্বোডিয়ার প্রথম যৌথ টেবলটপ মহড়া 'সিনব্যাক্স' কোথায় হয়েছে — মহারাষ্ট্রের পুণে।

২৭। ৩০ তম 'কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এর 'থিম কান্ট্রি' কী ছিল — ফ্রান্স।

২৮। আর্থিকভাবে গ্রামীণ মহিলাদের আরও শক্তিশালী করে তুলতে, 'ভারতীয় জীবন বিমা নিগম'এর একটি উদ্যোগ 'বিমা সখী যোজনা'র উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২৯। কোথায় সর্দার বল্লভভাই প্যাটেল'এর ১১ ফুট উঁচু মূর্তি উন্মোচন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ — রাজস্থানের যোধপুর।

৩০। ভারতীয় নৌসেনার জন্য কোন সংস্থার তৈরি দ্বিতীয় নজরদারি ড্রোন 'দৃষ্টি ১০ স্টারলাইনার' কিনল কেন্দ্রীয় সরকার — আদানি ডিফেন্স অ্যান্ড অ্যারোস্পেস ('দৃষ্টি ১০ স্টারলাইনার' হল নৌসেনার জন্য প্রথম ভারতে তৈরি নজরদারি ড্রোন)।

৩১। 'কৃষ্ণবেণী সঙ্গীত নীরজনম উৎসব' কোথায় হয়েছে — বিজয়ওয়াড়া (৬ থেকে ৮ ডিসেম্বর)।

৩২। বুরকিনা ফাসো'র প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — রিমতালবা জিন ইমানুয়েল ওয়েড্রাওগো।

৩৩। কাকে 'নাসা'র প্রধান হিসাবে



নিযুক্ত করলেন ডোনাল্ড ট্রাম্প — জ্যারেড আইস্যাকম্যান।

৩৪। ভারতের প্রথম হাইপারলুপ ট্রেন টেস্ট র‍্যাক তৈরি করেছে কোন ইনস্টিটিউট — আইআইটি মাদ্রাজ (৪১০ মিটার লম্বা এই টিউবের ভিতর দিয়ে এরমধ্যেই প্রতি ঘন্টায় ১০০ কিলোমিটার বেগে ট্রেন চালানোর পরীক্ষা সফল হয়েছে)।

৩৫। 'ইউরোগ্রিপ টায়ার্স'এর প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ক্রিকেটার মহেন্দ্র সিং ধোনি।

৩৬। আন্ধ্র প্রদেশের বিজয়ওয়াড়ায়, 'উর্জবীর' কর্মসূচি চালু করলেন কে — কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খট্টর।

৩৭। 'আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস' কবে পালিত হয় — ৯ ডিসেম্বর।

৩৮। 'হিম ভোগ' নামে প্রাকৃতিক চাষের মাধ্যমে উৎপাদিত ভুট্টার আটা চালু করল কোন রাজ্য — হিমাচল প্রদেশ।

৩৯। কোন দিনটিকে 'বিশ্ব ধ্যান দিবস' দিবস হিসাবে ঘোষণা করল রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদ — ২১ ডিসেম্বর।

৪০। ২০২৪ সালে 'রাইজিং রাজস্থান গ্লোবাল ইনভেস্টমেন্ট সামিট' কোথায় হয়েছে — জয়পুর।

৪১। কোন দিনটিকে 'মহাত্মা গান্ধী স্মৃতি দিবস' হিসাবে ঘোষণা করল মার্কিন যুক্তরাষ্ট্রের নেব্রাস্কা রাজ্য — ৬ ডিসেম্বর।

৪২। ভ্যাটিকানে এক অনুষ্ঠানে, ভারতীয় ধর্মযাজক জর্জ কুভাকাদ'কে কার্ডিনাল হিসাবে নিযুক্ত করলেন কে — পোপ ফ্রান্সিস।

## খেলাধূলা

৪৩। ৪০ তম 'অল ইন্ডিয়া গভর্নর গোল্ড কাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট' জিতল কোন দল — নর্থইস্ট ইউনাইটেড এফসি (গ্যাংটক হিমালয়ানকে পেনাল্টি শুটআউটে ৪-৩ ব্যবধানে হারিয়ে)।

৪৪। ভারতীয় দলের নতুন ওডিআই জার্সি প্রকাশ করল 'বিসিসিআই'। জার্সিটি তৈরি করেছে কোন কোম্পানি — বিখ্যাত জার্মান স্পোর্টসওয়্যার কোম্পানি 'অ্যাডিডাস'।

৪৫। ২০২৪-'২৫ সালের জন্য 'হকি ইন্ডিয়া লিগ' সম্প্রচার করবে কারা — দূরদর্শন (২৮ ডিসেম্বর থেকে শুরু হয় এই লিগ)।

৪৬। এবছর 'এশিয়ান মহিলা হ্যান্ডবল চ্যাম্পিয়নশিপ' আয়োজন করেছে কোন দেশ — ভারত।

৪৭। ২০২৫ সালে দৃষ্টিহীনদের জন্য মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ আয়োজন করবে কোন দেশ — ভারত।

৪৮। এবছর তাইল্যান্ডের ব্যাংককে, 'এশিয়ান ই-স্পোর্টস গেমস'এ ই-ফুটবল বিভাগে ভারতের পবন কাম্পেলি কোন পদক পেলেন — ব্রঞ্জ (ইন্দোনেশিয়ার আসগার্ড আজিজি'কে ২-১ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

# পিআইএমটি-র উদ্যোগে সরকার স্বীকৃত স্বাস্থ্যপরিষেবা রোজগারমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** ভারত সেবাশ্রম সঙ্ঘ সারা রাজ্যজুড়ে হেলথ ওয়েলনেস কমিউনিটি সেন্টারের মাধ্যমে বাংলার ছেলেমেয়েদের কর্মসংস্থানের অনন্য উদ্যোগ নিয়েছে। স্বাস্থ্যপরিষেবার গুরুত্বপূর্ণ ক্ষেত্রে হাতে-কলমে ট্রেনিং দিয়ে সফলদের চাকরির পথ দেখাচ্ছে। ট্রেনিং পরিচালনার দায়িত্বে রয়েছে সরকারি ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত ও আইএসও সার্টিফায়েড ভারত সেবাশ্রম সঙ্ঘের শিক্ষা উইং প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি। ট্রেনিং দেওয়া হচ্ছে স্বাস্থ্যপরিষেবার এই ৪টি গুরুত্বপূর্ণ কোর্সে : (১) ফিজিওথেরাপী অ্যাসিস্ট্যান্ট টেকনিশিয়ান (২) নার্সিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড হাউস কিপিং (৩) ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট টেকনিশিয়ান (৪) জেরিয়াট্রিক কেয়ার অ্যান্ড ওল্ড এজ ম্যানেজমেন্ট।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। ১৮ মাসের কোর্স। সংস্থার অধিকর্তা অধ্যাপক প্রবীর কুমার দে জানান, প্রতিটি কোর্সে ওপিডি/ প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হবে। কোর্স শেষে সফল প্রার্থীদের কর্মসংস্থানে সাহায্য করা হবে। সরকারি-বেসরকারি হাসপাতাল/ স্বাস্থ্যকেন্দ্রে যেমন চাকরির সুযোগ রয়েছে, তেমনি রয়েছে স্বাধীনভাবে আয়ের সুযোগ।

এছাড়াও এখানে ইংলিশ স্পিকিং অ্যান্ড সফট স্কিল প্র্যাক্টিসেস এর ৬ মাসের সার্টিফিকেট কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। সরকারি/ বেসরকারি/ কর্পোরেট সংস্থায় চাকরির উপযোগী ট্রেনিং দেওয়া হবে।

মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। অনলাইন/অফলাইনে ক্লাস হবে। ভরতির জন্য যোগাযোগ ৯৩৩১২৫৬৯৩৪ / ৯৪৭৭৮৪৬৫২০ / ৭৯৮০০৯৯৬২৭ / ৯৮৩০২১৬০৫৬ / ৯৪৭৭৮৪৬৫৮২ www.pimtonline.in / Facebook / You Tube

## কলকাতায় সফটওয়্যার সেক্টরে ২৮,৭১২ চাকরি ১ পাতার পর

'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক বছর কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে যে সেক্টরে, সেই সেক্টরের ব্যাপারে এখনও অনেক বেকার ছেলেমেয়েরাই জানে না। তার কারণ হিসাবে বলা যায় বেশিরভাগ ছেলেমেয়েরাই জানে না যে কী ধরনের কোর্স করলে, সফটওয়্যার কোম্পানিগুলোতে সহজেই চাকরি পাওয়া যায়। আমি এখানে যে কোর্সের কথা বলব সেটি ঠিকঠাক মতো শিখলে নামিদামি কোম্পানি বাড়িতে এসে চাকরি দিয়ে যাবে। কোর্সটি হল — ওয়েব ডিজাইনিং। সামনের ৬ মাসে কলকাতার ২২৩টি সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে ১৮,৭১২ "ওয়েব ডিজাইনার" লাগবে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।' ওয়েব ডিজাইনিং কোর্স নিয়ে কীভাবে কেরিয়ার করব? উত্তরে অর্ঘ্যবাবু বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে ওয়েব ডিজাইনার। অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের পরিকল্পনাই করবে ওয়েব টেকনিক্যাল ইনপুটস, ডিজাইনার।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ প্রথমত, আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ওয়েব ডিজাইনাররাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন। ফলে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেটেড প্রফেশনাল ট্রেনিং পায়। দ্বিতীয়ত, একমাত্র এখানেই ৩ মাসের ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ৮,০০০ থেকে ১০,০০০ টাকা দেওয়া হয়। ইন্টার্নশিপের পর তাদের সরাসরি নিয়োগ করা হয় দেশ বা রাজ্যের প্রথম সারির আইটি কোম্পানিতে। শুরুতেই মাইনে হয় মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা। তৃতীয়ত, আমাদের সংস্থায় যে ধরনের কোর্স মডিউল দেওয়া হয় তা তৈরি করে সফটওয়্যার ইন্ডাস্ট্রিরই সফল ছেলেমেয়েরা। ফলে এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা ভবিষ্যতে সবচেয়ে ভালোভাবে প্রফেশনাল হিসাবে সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। চতুর্থত, আমাদের সংস্থায় স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। **পঞ্চমত,** আমাদের সংস্থা এই রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সাথে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করেছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসাথে সে দুটো-তিনটে অফার লেটার হাতে পায়। **ষষ্ঠত,** আমাদের সংস্থায় খুব কম কোর্স ফি নেওয়া হয় ও তাও আবার ইনস্টলমেন্টে দেওয়ার ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091

> **উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ১,৮০,০০০ টাকা থেকে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে কলকাতার ৫০ থেকে ১০০ কোম্পানিতে কয়েক হাজার চাকরি হয়।**

## কেরিয়ার ফেয়ার ১ পাতার পর

পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

> **গত বছরের কেরিয়ার ফেয়ারে যাঁরা এসেছিলেন, তাঁদের অনেকেই ওই কেরিয়ার ফেয়ারে উপস্থিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রফেশনাল কোর্স করে এবছর চাকরি করছেন। বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।**

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ৪ ও ৫ এপ্রিল, শুক্র ও শনিবার পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর শহরের হসপিটাল রোডের জ্যাক পল হোটেলে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার এরপর ৫ পাতায়

## শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি :** যোগ্যশ্রী প্রকল্পে সরকারি চাকরির প্রস্তুতির জন্য NCSM-এর বালুরঘাট ও কালিম্পং সেন্টারে Math, GI, History, Geography, Polity, Economic, Biology ও GK/CA বিষয়ে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা প্রয়োজন। আগ্রহী প্রার্থীরা 9434900123 এই নম্বরে ফোন করে যোগাযোগ করতে পারেন (সময় সকাল ১১টা থেকে সন্ধ্যে ৬টা)।

## এসএসসি, ব্যাঙ্কে চাকরির অভিনব কোচিং

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** SSC, SBI, IBPS, UPSC, PSC'র বিভিন্ন পরীক্ষায় চাকরি পেতে হলে দরকার স্পেশালাইজড ট্রেনিংয়ের। বেশিরভাগ ছেলেমেয়েরাই এই ধরনের পরীক্ষায় অসফল হয়। কারণ হিসাবে দেখা গেছে, তাঁরা বেশিরভাগই ইংরিজিতে দুর্বল। অর্থাৎ ইংরিজি সেকশনে মার্কস তুলতে পারেনি। ফলে তাঁরা বাকি সেকশনগুলিতে মার্কস পেলেও কোয়ালিফাই করতে পারেনি। অথচ চাকরির পরীক্ষায় ইংরিজির মতো স্কোরিং সাবজেক্ট খুব কমই আছে। তাই এই দুর্বলতা দূর করতে দেশের অন্যতম সেরা কোচিং প্রতিষ্ঠান Mahindra'র পূর্বতন শিক্ষকের উদ্যোগে ইংরিজি কোচিং চালু হয়েছে রাজ্যের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের জন্য। সুদীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন এই বিশেষ ধরনের ইংরিজি কোচিংয়ে ভরতি হতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9433392310.

## কল্যাণী ম্যাজিকাল স্টুডিও অ্যানিমেশন হাব থেকে

## অ্যানিমেশন ও মাল্টিমিডিয়ার ডিপ্লোমা কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণী :** ২০২৫ সাল থেকে সেন্ট্রাল গভর্নমেন্টের স্পেশাল ইনসিয়েটিভ ফর অ্যানিমেশন, মাল্টিমিডিয়ার জন্য কেরিয়ার গড়ে তোলার সুযোগ প্রবল বেগে বেড়ে গেলো। এর সামনের কিছু বছর সারা বিশ্বের চোখ থাকবে ভারতবর্ষের দিকে এই কোর্সগুলিতে ব্যবসা বৃদ্ধি করার। প্লেসমেন্টের সুযোগ আরো অনেকটাই বেড়ে গেলো। অ্যানিমেশন, মাল্টিমিডিয়া ও ডিজিটাল মার্কেটিং কোর্স যে অনেক খরচ এটা সম্পূর্ণ বিপরীত প্রমাণ করেছে ম্যাজিকাল স্টুডিও অ্যানিমেশন হাব। প্রচুর স্কলারশিপের মাধ্যমে অ্যাডমিশন চলছে এই ইনস্টিটিউট। কোর্সগুলি হল : (১) ডিপ্লোমা ইন 2D অ্যানিমেশন, (২) ডিপ্লোমা ইন 3D অ্যানিমেশন, (৩) অ্যাডভান্স ডিপ্লোমা ইন 2D অ্যান্ড 3D অ্যানিমেশন, (৪) ডিপ্লোমা ইন মাল্টিমিডিয়া, (৫) সার্টিফিকেট ইন গ্রাফিক্স ডিজাইনিং, (৬) সার্টিফিকেট ইন ডিজিটাল মার্কেটিং, (৭) সার্টিফিকেট ইন ভিডিও এডিটিং। মেরিট টেস্টের মাধ্যমে স্কলারশিপের সুযোগও প্রবল। যোগাযোগ : 8910020615, 6291807852.

## ৭২ জুনিয়র ইঞ্জিনিয়ার ১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২২,৮০০-৭৫,৮৫০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২২,৮০০-৭৫,৮৫০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২২,৮০০-৭৫,৮৫০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২২,৮০০-৭৫,৮৫০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**প্রোগ্রামিং অ্যাসোসিয়েট :** কম্পিউটার সায়েন্স, আইটি., বি.সি.এ., বি.এসসি. (কম্পিউটার সায়েন্স), বি.এসসি. (আইটি.) কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২২,৮০০-৭৫,৮৫০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**অ্যাসিস্ট্যান্ট (এইচ.আর.) :** বি.বি.এ., বা, বি.বি.এম. কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২০,২৫০-৬৫,৫০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**অ্যাসিস্ট্যান্ট (কর্পোরেট হসপিটালিটি) :** হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ২০,২৫০-৬৫,৫০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**জুনিয়র মেন্টেনার (ইলেক্ট্রিক্যাল) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ১৮,২৫০-৫৯,২০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**জুনিয়র মেন্টেনার (মেকানিক্যাল) :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ১৮,২৫০-৫৯,২০০ টাকা।

## RICE-এ অনলাইন পড়াশোনা করে চাকরি পেয়েছি



আত্মদীপ সাউ
ইন্সপেক্টর অফ লিগ্যাল মেট্রোলজি, W.B.G.S-২০২০ (পিএসসি)

**নিজস্ব সংবাদদাতা, পূর্ব বর্ধমান :** পূর্ব বর্ধমানের শ্রীপল্লির ছেলে আত্মদীপ সাউ। ডিগ্রি কোর্স পাশ করার পর অন্য পাঁচটা ছেলের মতো তাঁরও স্বপ্ন ছিল সরকারি চাকরি করে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার। কিন্তু তখন সে টিউশন করে হাতখরচ চালাত, কম্পিটিটিভ পরীক্ষার জন্য কোচিং নেওয়ার সামর্থও ছিল না। পকেট গড়ের মাঠ! এমন সময় ভয়ংকর ত্রাসের মতো চলে আসে কোভিড-১৯ অতিমারি। কিন্তু সব খারাপের একটা ভালো দিক থাকে। ওই সময় RICE EDUCATION চাকরির প্রার্থীদের কথা ভেবে অনলাইন কোর্স RICE SMART চালু করে। আত্মদীপ ওই কোর্সে ভরতি হন। RICE SMART-এর ডব্লুবিসিএস ব্যাচ এর ছাত্র ছিলেন তিনি। তাঁর কথায়, 'এতে আমার খুব সুবিধা হয়। মেসে থেকে পড়ার সাধ্য আমার ছিল না। ঘরে বসেই পড়তে পারলাম আর টিউশানির রোজগারটাও হাতছাড়া হল না। সাধ্যের মধ্যেই পেয়ে গেলাম স্টাডি মেটিরিয়ালের পিডিএফ, রাইস-এর নামি শিক্ষকদের রেকর্ডেড ক্লাস। আমি বারবার ওই সব ক্লাস ঘুরিয়ে ফিরিয়ে দেখতাম, কোথাও আটকে গেলে ফের পিছনে গিয়ে দেখে নিতাম। তাছাড়া রাইস আমাকে অফলাইন মকটেস্ট দেওয়ার সুবিধাও দিয়েছিল। একটা মাত্র মোবাইল আর RICE SMART APP-কে সর্বক্ষণের সঙ্গী করে ২০২০ সালে WBPSC পাশ করে চাকরি পেলাম ইন্সপেক্টর অফ লিগাল মেট্রোলজি পদে। ওই পরীক্ষায় আমার র‍্যাঙ্ক হয় ৫। আত্মদীপ আরো বলেন, 'কোভিডকালে যেসময় সবাই খেয়ে-বসে, ইউটিউব দেখে আর ভয়ের প্রহরগুণে কাটিয়েছে, সেই সময়টা আমি সঠিকভাবে কাজে লাগিয়েছিলাম আর সঠিক সিদ্ধান্ত নিয়েছিলাম RICE SMART-কে একটা সুযোগ হিসাবে গ্রহণ করে। যা আমার জীবন গড়ে দিল'।

## ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ ১ পাতার পর

প্রকল্প আর আত্মসম্মান প্রকল্প। 'আত্মমর্যাদা' প্রকল্পে এককভাবে (১ থেকে ৪ জন) ১০ লাখ টাকা পর্যন্ত প্রকল্প ব্যয়ের জন্য আর 'আত্মসম্মান' প্রকল্পে (৫ জন বা তার বেশি) যৌথভাবে ২৫ লাখ টাকা পর্যন্ত প্রকল্প ব্যয়ের জন্য ঋণ পেতে পারেন। উদ্যোগীকে ৫% পর্যন্ত টাকা দিতে হবে। ৩০% টাকা রাজ্য সরকার দেবে সরকারি অনুদান হিসাবে। তবে সর্বোচ্চ অনুদান আত্মমর্যাদা প্রকল্পে দেড় লাখ টাকা আর আত্মসম্মান প্রকল্পে সাড়ে ৩ লাখ টাকা পর্যন্ত। বাকি ৬৫% বা অবশিষ্ট টাকা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক বা কোনো আর্থিক সংস্থা থেকে ঋণ হিসাবে দেওয়া হবে।

**কারা আবেদন করতে পারেন —**

(১) যাঁদের পারিবারিক মাসিক আয় ১৫ হাজার টাকার বেশি নয়।

(২) যাঁরা শিল্প, বাণিজ্য ও পরিষেবা সংক্রান্ত ইউনিট নতুন করে তৈরি করতে চান।

(৩) যাঁরা অল্প মূলধন নিয়ে এরমধ্যে ব্যবসা শুরু করেছেন, তাঁরা এই প্রকল্প চলাকালীন কিংবা তারপরও প্রকল্পের সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ ও অনুদান পেতে পারেন।

(৪) বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে।

(৫) এর আগে সরকারি অনুদানপ্রাপ্ত অন্য কোনো স্বনিযুক্তি প্রকল্পে ঋণ নিয়ে থাকলে সেই ঋণ শোধ করার পর এই প্রকল্পে ঋণের জন্য আবেদন করতে পারেন।

(৬) কোনো উদ্যোগীর কর্মবিনিয়োগ কেন্দ্রের কার্ড না থাকলে এই প্রকল্পের সুযোগ নিতে হলে বেকার বলে প্রতিপন্ন করতে শংসাপত্র নিতে হবে : (ক) পঞ্চায়েত এলাকার বেলায় গেজেটেড অফিসার/ গ্রামপঞ্চায়েত প্রধান (খ) পুরসভা এলাকার ক্ষেত্রে গেজেটেড অফিসার বা পুরসভার কাউন্সিলর (গ) পুরনিগমের ক্ষেত্রে গেজেটেড অফিসার বা পুরনিগমের কাউন্সিলরের কাছ থেকে।

**আবেদনের পদ্ধতি :** যেকোনো যোগ্য উদ্যোগী ব্লক, পুরসভা বা বরো স্তরের স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দফতর থেকে ফর্ম সংগ্রহ করে সংশ্লিষ্ট এলাকার প্রকল্প সহায়কের কাছে ব্যবসার আয়-ব্যয়ের হিসেব-সহ পুরো প্রকল্প রিপোর্ট জমা দেবেন। প্রকল্প রিপোর্ট তৈরি করতে না পারলে প্রকল্প সহায়করা এ ব্যাপারে সাহায্য করেন।

**এছাড়াও যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় :** পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম লিমিটেড, স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দফতর, ইস্ট ইন্ডিয়া হাউস (প্রথম তল), ২০বি, আব্দুল হামিদ স্ট্রিট, কলকাতা -৬৯।

## নার্সিং, এম.সি.এ

১ পাতার পর

কোর্স (JENPAS-UG), (৩) ইঞ্জিনিয়ারিং বা, ফার্মাসির ডিগ্রি কোর্স (ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে তৃতীয় বর্ষে (JELET), (৪) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আন্ডার গ্র্যাজুয়েট কোর্স (PUBDET), (৫) নার্সিং (ANM & GNM), (৬) নার্সিংয়ের পোস্ট বেসিক বি.এসসি. (JEPBN), (৭) এম.এসসি. নার্সিং (JEMScN), (৮) প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড সায়েন্সের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স (JEMAS-PG), (৯) কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি (MCA) (JECA), (১০) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (PUMDET).

কোন কোর্সের এন্ট্রান্স পরীক্ষা কবে হবে, শিক্ষাগত যোগ্যতা ও প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল :

### নার্সিং (ANM/GNM) কোর্স :

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন রাজ্যের বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে প্রায় ১৫ হাজার সীটে 'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.)' ও 'জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হচ্ছে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড (WBJEE)। কোন কোর্সে কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য দেওয়া হল :

**অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (রিভাইজড) (এ.এন.এম.) :** মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীদের পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) :** মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। ইংরিজি বিষয় নিয়ে হেল্থ কেয়ার সায়েন্স নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এ.এন.এম. (পাশ নম্বর পেয়ে পাস) হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। পশ্চিমবঙ্গে একটানা ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ৩ বছরের ট্রেনিং।

এ.এন.এম. কোর্সে ভরতির জন্য শুধুমাত্র মেয়েরা যোগ্য। জি.এন.এম. কোর্সে ভরতির জন্য ছেলেমেয়ে উভয় প্রার্থীরাই যোগ্য।

**বয়স :** ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-০৭-২০২৫'র হিসাবে ন্যূনতম ১৭ বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। 'Joint Entrance Test for Auxiliary Nursing & Midwifery (Revised) and General Nursing & Midwifery -2025'এর মাধ্যমে। এই পরীক্ষা হবে এবছর ২৯ জুন, বেলা ১ টা থেকে দেড়টা পর্যন্ত। এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লাইফ সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত)-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ১০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(২) ফিজিক্যাল সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ২৫ নম্বরের ২০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ১৫টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(৩) ইংরিজি -১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৪) অঙ্ক (নবম ও দশম লেভেল পর্যন্ত)-১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) জেনারেল নলেজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন। (৬) লজিক্যাল রিজনিং-৫ নম্বরের ৫টি প্রশ্ন। সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা ভাষায় (ইংরিজি ও লজিক্যাল রিজনিং ছাড়া)।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in,www.wbjeeb.nic.in এ মাসেই দরখাস্ত নেওয়া শুরু হবে। তখন বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### নার্সিং, ফিজিওথেরাপি ও ল্যাব টেকনিশিয়ানের ডিগ্রি (JENPAS-UG)

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বা, বেসরকারি কলেজে 'নার্সিংয়ের বি.এসসি.' কোর্স', 'ফিজিওথেরাপির ডিগ্রি', 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রি' কোর্সে আর 'ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি', 'অপারেশন থিয়েটার টেকনোলজি', 'পারফিউশন টেকনোলজি', 'ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট', 'মেডিক্যাল মাইক্রোবায়োলজি' ও 'হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি' (বি.এসসি.) কোর্সে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (JENPAS-UG)-দিতে হয়। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

**নার্সিংয়ের বি.এসসি. :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর-সহ ওই তিন বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ন্যূনতম ১৭ বছর। সর্বাধিক বয়সের কড়াকড়ি নেই।

**ফিজিওথেরাপির ডিগ্রি (বি.পি.টি.), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রি (বি.এম.এল.টি.), ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (সি.সি.টি.), অপারেশন থিয়েটার টেকনোলজি (ও.টি.টি.), পারফিউশন টেকনোলজি (পি.টি.), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট (পি.এ.), মেডিক্যাল মাইক্রোবায়োলজি (এম.এম.বি), ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রি :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা প্রতিটিতে পাশ নম্বর-সহ ওই ৪ বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি (বি.এইচ.এ.) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

বি.এসসি. নার্সিং ও ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রির ডিগ্রি কোর্সের বেলায় বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে, 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি'র ডিগ্রি কোর্সে আর 'ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি', 'অপারেশন থিয়েটার টেকনোলজি', 'পারফিউশন টেকনোলজি', 'ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট', 'মেডিক্যাল মাইক্রোবায়োলজি' ও 'হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনে'র ডিগ্রি কোর্সের বেলায় ৪০ বছরের মধ্যে আর ফিজিওথেরাপির ডিগ্রি কোর্সের বেলায় বয়সের কোনো কড়াকড়ি নেই। সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ন্যূনতম ১৭ বছর।

প্রার্থী বাছাই হবে 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স (JENPAS-UG-2025) পরীক্ষা'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। পরীক্ষা হবে ২৫ মে।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in, www.wbjeeb.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আন্ডার গ্র্যাজুয়েট (PUBDET)

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি কোর্সে ভরতির এন্ট্রান্স (PUBDET-2025) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কারা কোন শাখায় আবেদনের যোগ্য :

ডিগ্রি কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : বাংলা, হিন্দি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সোশিওলজি, পারফর্মিং আর্ট বিষয়। উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ে ৬০% (তপশিলী হলে ৪৫%, ও.বি.সি. হলে ৫৪%, প্রতিবন্ধী হলে ৫৭%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য।

ডিগ্রি কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : ইংরিজি, ইতিহাস বিষয়। উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ে ৬৫% (তপশিলী হলে ৪৮.৭৫%, ও.বি.সি. হলে ৫৮.৫%, প্রতিবন্ধী হলে ৬১.৭৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য।

ডিগ্রি কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : কেমিস্ট্রি, ইকনমিক্স, ভূগোল, জিওলজি, লাইফ সায়েন্স, অঙ্ক, ফিজিক্স ও স্ট্যাটিস্টিক্স বিষয়। উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ে ৭০% (তপশিলী হলে ৫২.৫০%, ও.বি.সি. হলে ৬৩%, প্রতিবন্ধী হলে ৬৬.৫০%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড'। 'PUBDET-2025'র মাধ্যমে। পরীক্ষা হবে ২১ জুন ও ২ ২জুন।

দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : httpa://wbjeeb.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### পলিটেকনিক থেকে ডিপ্লোমা কোর্স পাশদের জন্য ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে ভর্তি (JELET)

পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি ও ফার্মাসি কলেজে 'ইঞ্জিনিয়ারিং', 'টেকনোলজি' ও 'ফার্মাসি'র ৪ বছরের ডিগ্রি কোর্সের দ্বিতীয় বর্ষে (৩য় সেমেস্টারে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ভরতির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (JELET-2025)' ফর্ম দেওয়া শুরু হয়েছে।

এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত পলিটেকনিক থেকে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি /ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বেলায় মোট অন্তত ৬০% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি /ফার্মাসির ডিপ্লোমা কোর্সের এবছরের ফাইনাল (ষষ্ঠ সেমেস্টার) পরীক্ষার্থীরা আগের সেমেস্টারে পাশ করে থাকলে ও ফাইনাল পরীক্ষায় ওই শতকরা নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখার বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে 'ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি'র ডিগ্রি কোর্সেও ভর্তির জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

বয়সের কড়াকড়ি নেই। তবে বি.এসসি. ও মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশদের বেলায় বয়স হতে হবে ২৭ ও ২৫ বছরের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন প্রস্পেক্টাস থেকে।

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের জয়েন্ট এন্ট্রান্স (জেলেট -২০২৫) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। পরীক্ষা হবে ১৫ জুন।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি (JECA)

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটে 'কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি (MCA)' কোর্সে ভরতির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (JECA - 2025) জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কারা আবেদন করতে পারবেন :

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাস বা, অনার্স ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। অঙ্ক বিষয় নিয়ে বি.সি.এ., বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। ওপরের দুই ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে।

অঙ্ক বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বি.এসসি. অনার্স কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। কোন বিশ্ববিদ্যালয় ও কোন ইনস্টিটিউটে কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার তা ওয়েবসাইটে পাবেন।

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের জয়েন্ট এন্ট্রান্স (JECA - 2025) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। পরীক্ষা হবে ২০ জুলাই।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি, আর্কিটেকচারের ডিগ্রি (WBJEE)

ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচারের ডিগ্রি কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ২৭ এপ্রিল। দরখাস্ত নেওয়া হয়েছে।

### পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং (JEPBN)

নার্সিংয়ের পোস্ট বেসিক বি.এসসি নার্সিং কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ১২ জুলাই।

### এম.এসসি. নার্সিং (JEMScNN)

নার্সিংয়ের এম.এসসি নার্সিং কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ১৩ জুলাই।

### প্যারামেডিক্যাল ও অ্যালায়েড সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (JEMAS-PG)

প্যারামেডিক্যাল ও অ্যালায়েড সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ১৯ জুলাই।

### প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (PUMDET)

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ২৭ জুলাই।

## ২০৯ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

**ভ্যাকেন্সি কোড : JSA (S&P) : জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড পি) :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে যথার্থ গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩৯টি (জেনাঃ ২৫, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**ভ্যাকেন্সি কোড : JSA (F &A) : জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (এফ অ্যান্ড এ) :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে যথার্থ গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৪৪টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২)।

**ভ্যাকেন্সি কোড : Jr. Steno : জুনিয়র স্টেনোগ্রাফার :** উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ডে দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ২১-৪-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে মে-জুন মাসে। সফল হলে কম্পিউটার টেস্ট বা, স্টেনো টেস্ট হবে জুনে।

জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় প্রথম পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে মেন্টাল এবিলিটি বিষয়ে। দ্বিতীয় পেপারে ৩০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস ও ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সময় থাকবে আড়াই ঘন্টা।

জুনিয়র স্টেনোগ্রাফার পদের বেলায় ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেন্শন -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। জুনিয়র স্টেনোগ্রাফার পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে কম্পিউটার ও শর্টহ্যান্ড টেস্ট হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : CRRI / 02/PC/JSA-JST/2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.crridom.gov.in এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৬৩ জুনিয়র এক্সিকিউটিভ

১ পাতার পর

সেফটি)' পদে ৬৩ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১১টি।

**জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৭টি।

**জুনিয়র এক্সিকিউটিভ (ইন্সট্রুমেন্টেশন) :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৬টি।

**জুনিয়র এক্সিকিউটিভ ( কেমিক্যাল) :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, কেমিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি।

**জুনিয়র এক্সিকিউটিভ (ফায়ার অ্যান্ড সেফটি) :** সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা ফায়ার অ্যান্ড সেফটির ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি।

ওপরের সব পদের বেলায় শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শুরুতে ১ বছরের প্রবেশন। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৯।

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের কম্পিউটার বেসড টেস্ট, গ্রুপ টাস্ক বা, গ্রুপ ডিসকাশন, স্কিল টেস্ট ও ইন্টারভিউ হবে। কম্পিউটার বেসড টেস্টে থাকবে এইসব বিষয় : ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ইন্টেলেকচুয়াল পোটেনশিয়াল টেস্ট (লজিক্যাল রিজনিং অ্যান্ড ডাটা ইন্টারপ্রিটেশন)।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.hindustanpetroleum.com এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# তথ্য-প্রযুক্তির চাকরির ক্ষেত্রে যুগান্তকারী বিপ্লব এনেছে ওয়েবস্কিটার্স আকাদেমি

পাল্লবী দেওয়ান, সল্টলেক : তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড না থাকলেও আজকের দিনে দাঁড়িয়ে ছেলেমেয়েরা বিভিন্ন আইটি সংস্থায় কর্মরত। আমাদের রাজ্যে ২০০ এর বেশি আইটি ও আইটি রিলেটেড সংস্থায় কয়েক হাজার নিয়োগ হয়। তার মধ্যে বেশিরভাগই নন-টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড থেকে। এই যুগান্তকারী বিপ্লব সম্ভব হয়েছে যে সংস্থার জন্য সেটি হল 'ওয়েবস্কিটার্স আকাদেমি'। হাতে-কলমে 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং'এ গুরুত্ব দিয়ে শিল্প ও কাজের মধ্যে সেতুবন্ধন করেছে এঁরা। চলার পথে এই প্রতিষ্ঠান পেয়েছে একাধিক সাফল্য। তার মধ্যে রয়েছে (১) বিভিন্ন সংবাদ সংস্থার পুরস্কার (এবিপি আনন্দ শিক্ষা সম্মান, নিউজ ১৮ বাংলা লিডারশিপ কনক্লেভ ২০২৪, জি ২৪ ঘণ্টা এডুকেশন এক্সেলেন্স ২০২৪, ট্যালি এমএসএমই ওনার্স ২০২৪, টাইমস ব্র্যান্ড আইকন ২০২৩)। (২) সাফল্যের সঙ্গে ৪,০০০ এর বেশি ছেলেমেয়েকে ট্রেনিং দিয়েছেন এঁরা। (৩) ৩,২০০ এর বেশি ছেলেমেয়েরা সরাসরি এখান থেকে চাকরি পেয়েছেন। (৪) ৩০০ এর বেশি (তার মধ্যে রয়েছে বহুজাতিক সংস্থা) আইটি ও সফটওয়্যার কোম্পানির সঙ্গে গাঁটছড়া রয়েছে এঁদের। ওয়েবস্কিটার্স আকাদেমি বিশ্বাস করে আইটি কেরিয়ার শুধুমাত্র আইটি'র ক্ষেত্রে দক্ষ ছেলেমেয়েদের জন্য নয়। সেই লক্ষ্যে এখানকার কোর্সের ডিজাইন এমনভাবে করা হয়েছে যাতে নন-আইটি ছেলেমেয়েরাও কারিগরি ক্ষেত্রে দক্ষ হয়ে তথ্যপ্রযুক্তি শিল্পে নেতৃত্ব দিতে পারে। শিক্ষাক্রমে গুরুত্ব দেওয়া হয়েছে প্র্যাক্টিক্যাল, ইন্ডাস্ট্রি সম্পর্কিত ট্রেনিং, ছেলেমেয়েদের এমনভাবে শিক্ষা দেওয়া হচ্ছে যাতে তাঁরা তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে খুব সহজেই অভিজ্ঞ হয়ে উঠতে পারেন। যদি কেউ নিজেকে আপস্কিল করতে চায় বা আরো ভালো সুযোগের জন্য কেরিয়ার বদলাতে চায়, তাঁদের ক্ষেত্রে পথ দেখিয়ে চলেছে এই সংস্থা। এই সংস্থার মোটো তাই — 'সবার জন্য তথ্য-প্রযুক্তি ক্ষেত্র'। একথা এখন মেনে নেওয়ার সময় হয়েছে, যে আমাদের দেশ এখন আর্থিক উন্নতির সঙ্গে সঙ্গে আগামী দিনে 'গ্লোবাল আইটি' হাব-ও হয়ে উঠবে। তাই আমাদের ছেলেমেয়েদের এখন থেকেই এই সুযোগের জন্য নিজেদেরকে তৈরি করে ফেলতে হবে। যাতে সারা বছর ধরে চলা এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য তাঁরা সহজেই আবেদন করতে পারেন। তাই এই আকাদেমির নিশ্চিত বিশ্বাস যে তাঁরা এই র‍্যাট রেসে কোনোভাবেই কোনো ছেলেমেয়েকে পিছিয়ে পড়তে দেবে না। তথ্য-প্রযুক্তির কোনো না কোনো ক্ষেত্রে দক্ষরা কাজ পাবেনই। আর সেই লক্ষ্যে এখানে চালু করা হয়েছে তথ্য-প্রযুক্তির এই ৭টি গুরুত্বপূর্ণ পেশাদার কোর্স — (১) UI/UX Design, (২) Web Design, (৩) HTML Front-End Development, (৪) Full Stack Development, (৫) Softward Testing, (৬) Digital Marketing, (৭) Data Analytics. এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি হল এখানকার ফ্যাকাল্টি বা মেন্টরেরা ইন্ডাস্ট্রির সঙ্গে সামঞ্জস্য রেখে এমনভাবে ট্রেনিং দেয় যাতে এখান থেকে পাশ করে কেউ বসে না থাকে। কোর্সে শিক্ষাক্রম এমনভাবে তৈরি করা হয়েছে যা টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল সব ছেলেমেয়েদের কাছে সমানভাবে পৌঁছাতে পারে। তাঁদের স্বপ্নপূরণ হতে পারে। আর এই লক্ষ্য পূরণে ওয়েবস্কিটার্স আকাদেমি সব সময় আইটি ইন্ডাস্ট্রির চাহিদার প্রতি লক্ষ্য রেখে চলেছে। তার জন্য নিচ্ছে নতুন নতুন পদক্ষেপ। নিয়ে আসছে প্লানিং অটোমেশনের ক্ষেত্রে অ্যাডভান্সড কনসেপ্ট। চালু করছে ডাটা সায়েন্সের মতো সম্ভাবনাময় কোর্স। চাকরির ক্ষেত্রে উপযুক্ত করে তুলতে শিক্ষার্থীদের দেওয়া হয় এইসব সুযোগ — মক ইন্টারভিউ, গ্রুমিং সেশন, রিজিউম-বিল্ডিং সেশন, কেরিয়ার কাউন্সেলিং, কর্পোরেট ট্রেনিং। ওয়েবস্কিটার্স আকাদেমির মূল লক্ষ্য ছেলেমেয়েদের কাজের ক্ষেত্রে যোগ্য করে তোলা, তাদের ক্ষমতায়ন ও তথ্য-প্রযুক্তি শিল্পে সফল কেরিয়ার গড়ে তুলতে সাহায্য করা। এই ধরনের চাকরি, ঠিক কী ধরনের ট্রেনিং নিলে পাবেন তা বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 7595880134 অথবা সরাসরি চলে যান এই ঠিকানায় : ওয়েবস্কিটার্স আকাদেমি, হলদিয়া পেট্রোকেমিক্যালস লিমিটেড, সপ্তম তল, ইউনিট নং- ৭ই, বেঙ্গল ইকো ইন্টেলিজেন্ট পার্ক, ইএম ব্লক, সেক্টর- ৫, কলকাতা- ৭০০০৯১।

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কৃষি বিজ্ঞানের কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

## কোর্স শেষের পর শিক্ষার্থীদের সার, বীজ ও কীটনাশকের বিভিন্ন বহুজাতিক সংস্থায় নিয়োগ

পশ্চিমবঙ্গে কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বিত শিক্ষার মানচিত্রে এই প্রথম নদিয়া জেলার কল্যাণীতে গড়ে উঠেছে, কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত একটি অত্যাধুনিক বহুমাত্রিক শিক্ষাকেন্দ্র সুশ্রীজ ইনস্টিটিউট অফ অ্যাগ্রিকালচার সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ম্যানেজমন্ট। এই বহুমাত্রিক শিক্ষাকেন্দ্রে রয়েছে কৃষি ও প্রাণী বিজ্ঞানের একাধিক কর্মমুখী কোর্সসমূহ।

**(A) Department of Agriculture Science :** কৃষি বিজ্ঞান নিয়ে পড়াশোনা করে যারা নিশ্চিত চাকরি পেতে চান তারা কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ২ বছর সময়সীমার এই কোর্সগুলি করতে পারেন কৃষ্ণনগর ও কল্যাণীতে —

(i) Diploma in Agricultural Science & Management (DASM), যোগ্যতা : যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ। (ii) Post Graduate Diploma in Crop Production & Plant Health Management (PGDCPPHM). যোগ্যতা : যে কোনো শাখায় স্নাতক।

**সার ও বীজের লাইসেন্সের জন্য রয়েছে বিশ্ববিদ্যালয় অনুমোদিত কোর্স**

এছাড়া যারা সার, বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্স নিয়ে ব্যবসা করতে চান, তারা অবিলম্বে ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কৃষিবিজ্ঞানের সব থেকে আকর্ষণীয় কোর্সটিতে — (iii) **Diploma in Agricultural Science for Inpur Dealers (DASI).** সময়সীমা : ১ বছর। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

**(B) Department of Animal Science :** প্রাণী বিজ্ঞান নিয়ে পড়াশোনা করে যারা নিশ্চিত কর্মসংস্থান পেতে চান বা স্বনির্ভর হতে চান, তারা কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ২ বছর সময়সীমার এই কোর্সটি করে পারেন — **(i) Diploma in Veterinary Science & Animal Husbandry (DVSAH).**

ওপরের কোর্সগুলি সাফল্যের সঙ্গে সমাপ্ত করার পর শংসাপত্র দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। পাশ করার পর শিক্ষার্থীদের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। আশার কথা এই যে প্রতি বছরের মতো এবছরও কোর্স শেষের পর শিক্ষার্থীরা ক্যাম্পাসিংয়ের মাধ্যমে সার, বীজ ও কীটনাশকের বিভিন্ন কোম্পানি ও বহুজাতিক সংস্থায় চাকরি পেয়েছে। এমনকি মাধ্যমিক পাশ বহু বেকার ছাত্রছাত্রী ১ বছরের Diploma in Agriculture Science for Input Dealer (DASI) কোর্সটি করে বিভিন্ন জেলাতে সরকারি লাইসেন্স নিয়ে সার, বীজ ও কীটনাশকের স্বাধীন ব্যবসার মাধ্যমে নিজেদের কর্মসংস্থান সুনিশ্চিত করেছে। তাই Agriculture Science-এ ডিপ্লোমা ও পি.জি. ডিপ্লোমা কোর্স করে নিশ্চিত চাকরি ও কর্মসংস্থানের লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত Susrijo Institute of Agriculture Science, Technology & Management -এ কৃষি ও প্রাণী বিজ্ঞানের উল্লিখিত কোর্সগুলিতে ভর্তি হতে পারেন।

সুযোগ-সুবিধা : (১) এখানে পাবেন দীর্ঘদিনের কৃষি বিজ্ঞানের অভিজ্ঞ অধ্যাপকদের সান্নিধ্য। (২) এই প্রতিষ্ঠানে রয়েছে বাতানুকূল শ্রেণিকক্ষ-সহ উন্নত পরিকাঠামো ও অত্যাধুনিক ল্যাবরেটরি। আছে Free Wifi-এর সুবিধা। (৩) এখানে রয়েছে প্রি-প্লেসমেন্ট ট্রেনিংয়ের ব্যবস্থা যা শিক্ষার্থীদেরকে আত্মবিশ্বাস ও জ্ঞানের সঙ্গে ইন্টারভিউতে উপস্থিত হওয়ার জন্য প্রস্তুত করে থাকে। (৪) এছাড়া রয়েছে রেজাল্টের নম্বরের ভিত্তিতে স্কলারশিপের সুবিধা। (৫) কৃষিবিজ্ঞানের ওপরের ২টি কোর্সের জন্য রয়েছে ১০০% চাকরির নিশ্চয়তা। (৬) রয়েছে বিভিন্ন সরকারি স্কলারশিপের সুবিধা (৭) রয়েছে সার বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্স নিয়ে ব্যবসার করার সুযোগ।

ওপরের সমস্ত কোর্সের ভর্তি চলছে। আসন সংখ্যা সীমিত। পশ্চিমবঙ্গ সরকারের সহায়তায় ও কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত এই শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীরা স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে এডুকেশন লোনের সুবিধা পাবে। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে আলাদা হোস্টেলের সুবিধা। ভর্তি হতে যোগাযোগ করুন : মেইন ক্যাম্পাস : Webel IT Park (IT & E Department, Govt. of West Bengal), চারগেট (কোম্পানি বাগানের নিকট), পোস্ট - কৃষ্ণনগর, জেলা : নদিয়া, পিন : ৭৪১১০১। ফোন : ৯৮৫১৭৫৬১৬০।

কল্যাণী স্টাডি সেন্টার : বি-১৫/৫৪, ওয়ার্ড নং - ১২, পোস্ট ও থানা : কল্যাণী, নদিয়া, পিন : ৭৪১২৩৫। ফোন : ৯৮৩০৭৮১৯৬৭, ৭২৭৮৭৩৫২২৪ (ওয়েবসাইট : www.siastm.org)

# কেরিয়ার ফেয়ার

৩ পাতার পর

ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩। এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**এবারের 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে :** (১) রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) চিৎকারা ইউনিভার্সিটি, চন্ডীগড়, (৩) সিকিম মণিপাল ইউনিভার্সিটি, (৪) রাইস এডুকেশন, (৫) জে.আই.এস গ্রুপ, (৬) দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট (জি.টি.টি.আই.), (৭) জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সাম (জি.এস.সি.ই. ডিজিটাল), (৮) সীকম স্কিল ইউনিভার্সিটি, (৯) আই.কিউ. সিটি মেডিক্যাল কলেজ, (১০) বি.সি.রায় ইঞ্জিনিয়ারিং কলেজ অ্যান্ড গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১১) গ্লোবাল নলেজ ক্যাম্পাস, (১২) ডিসান অ্যাকাডেমি, (১৩) মোপেল ইনস্টিটিউট অফ অ্যানিমেশন অ্যান্ড ডিজাইন, (১৪) ওয়েবস্কিটারস অ্যাকাডেমি, (১৫) রেড অ্যাপেল লার্নিং -গ্রাফিক ডিজাইন, (১৬) এম.সি.কে.ভি. ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৭) বজবজ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বি.বি.আই.টি.), (১৮) ক্যামেলিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১৯) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (২০) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট কোলাঘাট, (২১) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (২২) ক্যালকাটা ইনস্টিটিউট অফ টেকনোলজি, (২৩) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২৪) ড. কে.আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি, কল্যাণী, (২৫) দুর্গাপুর প্যারামেডিক্যাল কলেজ, (২৬) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (২৭) নির্মলা ফাউন্ডেশন, (২৮) সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট, (২৯) দ্য ইনস্টিটিউট অফ এডুকেশন ম্যানেজমেন্ট, (৩০) ভিশন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, (৩১) কল্যাণী রিলায়েবল, (৩২) সাই কনসালট্যান্সি, (৩৩) আইডি কনসালট্যান্সি সার্ভিসেস, হুগলি, (৩৪) সেভেন ব্রেথার্স ইনস্টিটিউট অফ নার্সিং, (৩৫) সেন্ট্রাল ইনস্টিটিউট অফ হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কলেজ (সি.আই.এইচ.এম.), (৩৬) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (৩৭) টেগোর স্কুল রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্ট।

# ম্যারেজ রেজিস্ট্রার নিয়োগ

হুগলি জেলার ধনিয়াখালি ও মগরা পুলিশ স্টেশন এলাকায় মুসলিম ম্যারেজ রেজিস্ট্রার নিয়োগ করছে। সিয়া ও সুন্নি সম্প্রদায়ের প্রার্থীরা ২৫ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbregistration.gov.in

# স্কলারশিপের মাধ্যমে ট্রেনিং নিয়ে পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া "India's most prominent food and hospitality" পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানকার প্লেসমেন্টসেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল ও ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা ২ থেকে ৩টে অফার লেটার পায়। ভরতি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড কাউন্সিলিং করানো হয়। এছাড়াও আছে 'অন স্পট স্কলারশিপ'এর মাধ্যমে ভরতির সুযোগ। হোটেল ম্যানেজমেন্ট সেক্টরে কীভাবে খুব অল্প সময়ের মধ্যে ভালো প্যাকেজের চাকরি পাবেন তা জানানোর জন্য এই প্রতিষ্ঠানের স্পেশালাইজড কাউন্সিলার ও মোটিভেটরদের পাওয়া যাবে কর্মসংস্থান পত্রিকার কেরিয়ার ফেয়ারে। এই ফেয়ার হবে : (ক) ৪ ও ৫ এপ্রিলে মেদিনীপুর টাউনে (পশ্চিম মেদিনীপুর), (খ) ২৫ ও ২৬ এপ্রিলে পাঁশকুড়ায় (পূর্ব মেদিনীপুর), (গ) ১০ ও ১১ মে বাঁকুড়ায়, (ঘ) ১৩ ও ১৪ জুনে কোচবিহারে, (ঙ) ২৮ ও ২৯ জুন বহরমপুরে, (চ) ১৮ ও ১৯ জুলাই কল্যাণীতে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — (১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) ক্রুজশিপ ম্যানেজমেন্ট, (৫) রিসেপশনিস্ট, (৬) বার ট্রেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট। ওপরের সব কোর্সই ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 9163453155, 8013990366, 9903693345. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।


নগদ স্কলারশিপ প্রদান
সরকার স্বীকৃত
নার্সিং
ট্রেনিং ও চাকরি
যোগ্যতা : মাধ্যমিক / উঃ মাধ্যমিক
GNM (3 Years, I N C)
কম খরচ/ইনস্টলমেন্টে ফীস্
BSS Practical Nursing
(2 Years (Govt. of India)
PARAMEDICAL
(2 Years (Govt. of India)
APOLLO CARE INSTITUTE
20/1 Ballygunge Station Rd., Kol-19
98317 89536, 87774 01534
মহিলা/পুরুষেরাও আবেদনের যোগ্য

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাস ছেলেমেয়েদের বিনামূল্যে Paramedical, নার্সিং ও ফার্মাসির বিভিন্ন কোর্স করে নিয়োগের সুবর্ণ সুযোগ
আবেদনের শেষ তারিখ : 15 April, 2025
- প্রতিষ্ঠানে থাকা খাওয়া নিঃশুল্ক, বছরে 40,000 টাকা রাহা খরচ দেওয়া হবে।
- Internship এর সময়ে মাসে 15,000 টাকা থেকে 20,000 টাকা Stipend দেওয়া হবে।
অনলাইন আবেদন করুন www.gnim.org এছাড়া আমাদের Information and Documents Verification Centre গুলিতে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানতে –
Gurukul National Institute
Bolpur Head Office Branch - 9431791833
• Samsergunj – 7470041519 • Suti-II -7863902806 • Harihorpara -8145537609
• Bharatpur-II – 9775431544 • Raninagar-II-9733877913 • Raninagar-I – 9775142720
• Jalangi – 8250421745 • Nabagram -7384718491 • Khargram – 9647192026
• Bhagwangola-I -6294243359 • Bhagwangola-II – 6297741216 • Suti-II -9563918094
• Berhampur -7797035779 • Nawda – 9153548096 • Alipurduar-I – 9563800213
• Kalyani – 9836004660 • Gosaba – 7679372563 • Rampurhat-II – 9339918874
• Ausgram-II – 8972366345 • Raghunathganj-I – 9002306886
• Pandebeswar – 9547777730 • Tufanganj - 9002376560 / 6294486203
• Farakka – 9933124538 • Kolkata – 9088188288 • Kalyani – 9674930818
• Tufanganj-II – 9735930025 • Minakha -9647232902/ 9143851539
• Beldanga – 7431985254 • Domkol -9734329551 • Kandi -9564078164
• Lalgola -7551894814 • Raghunathgunj-I – 8250899329 • Dumdum – 8334081976
• Jaynagar-I – 9903314502 • Suri-I – 8617354416 • Barasat – 6289433154
• Simlapal – 9064128952 • Mayureswar-I – 7584025848 • Rampurhat-I – 9734743169
• Nakashipara – 9474581580 • Rampurhat-I – 9734182636 • Raninagar-II – 8918796235
• Chamaria – 9365023257 • Suti II - 7318910202 • Murarai-II – 8145802744

## কম পুঁজিতে দ্বিগুণ লাভ

ব্যবসা

# রুম ফ্রেশনার তৈরি



অনুপকুমার বসু

স্কুল-কলেজ, অফিস, হোটেল, হস্টেল, হাসপাতাল বা নার্সিং হোম এমনকী মধ্যবিত্ত পরিবারের বাড়ির টয়লেটে রুম ফ্রেশনারের চল এখন অনেক বেড়েছে। এটি এখন আর নিছক ফ্যাশন দেখানোর সামগ্রী নয়, স্বাস্থ্যর জন্যও জরুরি।

নিজের ঘরে বসে কোনো যন্ত্রপাতি না কিনে কর্মচারী না রেখে নিজেই রুম ফ্রেশনার তৈরি করতে পারেন। মাত্র ৫০ হাজার টাকা থেকে ৭৭ হাজার টাকা পুঁজি নিয়ে এই ব্যবসা শুরু করলে মাসে অন্তত ১,২৮,০০০ টাকা থেকে ১,৯৮,০০০ টাকা রোজগার করতে পারবেন। তবে বিক্রি বাড়ানোর দিকেই সবচেয়ে বেশি নজর দিতে হবে।

**কাঁচামাল :** ১০০ মিলি লিটারের ৫টি শিশি, অর্থাৎ ৫০০ মিলি লিটার রুম ফ্রেশনার তৈরি করতে কোন কাঁচামাল কতটা লাগবে : (১) ২০ মিলি লিটার এল. ফক্স 200, (২) ২০ মিলি লিটার সুগন্ধী বা পারফিউম্‌ড তেল, (৩) ১০০ মিলি লিটার ইথাইল অ্যালকোহল, (৪) ৩৬০ মিলি লিটার ডিমিনারালাইজড ওয়াটার। মিনারাল ওয়াটার কিন্তু ব্যবহার করবেন না। তাতে নষ্ট হয়ে যাবে। (৫) নিজের পছন্দমতো ২ গ্রাম রঙ। সুগন্ধী অনুযায়ী রঙ বদলাতে হবে। গোলাপের সুগন্ধযুক্ত করতে চাইলে পিঙ্ক রঙ মেশাবেন। লেবুর সুগন্ধ মেশালে লেমন রঙ মেশাবেন। তবে সবচেয়ে ভালো হয় 'এস এইচ কেলকোর' রঙ মেশানো।



**কীভাবে তৈরি করবেন :** প্রথমে ১ লিটার মাপের ১টা স্বচ্ছ পরিষ্কার কাচ বা প্লাস্টিকের (পলিপ্রপিলিনের) 'বিকার' নেবেন। তাতে প্রথমে ওপরের পরিমাণমতো সুগন্ধী তেল বা পারফিউম্‌ড এসেন্সিয়াল অয়েল ঢালবেন। এই তেলের সঙ্গে জল মিশবে না বলে এরপর ওই 'বিকারে' ওপরের পরিমাণমতো এল. ফক্স 200 মেশাতে হবে।

এই মিশ্রণ কিছুক্ষণ ফেলে রাখতে হবে। এরপর তাতে ওপরে দেওয়া অনুপাতে ইথাইল অ্যালকোহল ঢেলে মেশাতে হবে। এই মিশ্রণ ভালোভাবে মেশার পর তাতে ওপরে দেওয়া পরিমাণমতো বা অনুপাতে ডিমিনারালাইজড জল ঢেলে ভালোভাবে নেড়ে মেশাতে হবে। এই জলে যেন কোনো খনিজ উপাদান না থাকে। পঞ্চায়েত, পুরসভা বা পুরনিগমের দেওয়া পানীয় পরিস্রুত জল হলেই হবে।

এরপর এই মিশ্রণে ওপরে দেওয়া অনুপাতে বা পরিমাণে পছন্দসই রঙ মেশালেই রুম ফ্রেশনার তৈরি সারা। অনেকে অবশ্য রঙ ছাড়াই তৈরি করেন। কিন্তু তা খুব আকর্ষক হয় না।

**দাম :** (১) ১ কেজি এল. ফক্স 200 সামগ্রীর দাম ২০০ টাকা। (২) ১ কেজি সুগন্ধী তেলের দাম ১,৪০০ টাকা। (৩) ১ কেজি ইথাইল অ্যালকোহলের দাম ১০০ টাকা। (৪) ১ কেজি রঙের দাম ১,০০০ টাকা। জলের তো আর দাম নেই। এই ইথাইল অ্যালকোহল ব্যবহার করার জন্য কিন্তু ড্রাগ লাইসেন্স লাগে। ড্রাগ লাইসেন্স না জোগাড় করতে পারলে এর পরিবর্ত আরেক সামগ্রী আছে, যা ইথাইল অ্যালকোহলের দোকান থেকেই পাবেন।

**৫ বোতল, অর্থাৎ ৫০০ মিলি লিটার রুম ফ্রেশনার তৈরি করতে কত খরচ পড়বে**

| | |
|---|---|
| ১। ২০ মিলি লিটার এল. ফক্স 200 - | ৪ টাকা |
| ২। ২০ মিলি লিটার সুগন্ধী তেল - | ২৮ টাকা |
| ৩। ১০০ মিলি লিটার ইথাইল অ্যালকোহল - | ১০ টাকা |
| ৪। ২ গ্রাম রঙ - | ২ টাকা |
| ৫। ৩৬০ মিলি লিটার জল - | — |
| | ৪৪ টাকা |

দৈনিক ১০০ বোতল রুম ফ্রেশনার বিক্রি করতে পারলে সহজেই লাভের মুখ দেখতে পারবেন। একেক বোতল বিক্রি করতে পারবেন অন্তত ১০০ টাকায়।

**মাসে ২,৫০০ শিশি রুম ফ্রেশনার তৈরি করলে আয়-ব্যয়ের হিসাব**

| | |
|---|---|
| ১। স্থায়ী ব্যয় (যা একবারই হবে) | |
| ৫টি বিকার ও অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জাম - | ৫,০০০ টাকা |
| ২। আবর্তক ব্যয় : | |
| ক। কাঁচামাল | |
| (১) ১০ লিটার এল. ফক্স 200 - | ২,০০০ টাকা |
| (২) ১০ লিটার সুগন্ধী তেল - | ১৪,০০০ টাকা |
| (৩) ৫০ লিটার ইথাইল অ্যালকোহল - | ৫,০০০ টাকা |
| (৪) ১ কেজি রঙ - | ১,০০০ টাকা |
| খ। ২,৫০০ পাম্পসহ কাচের বা প্লাস্টিকের শিশি - | ৫০,০০০ টাকা |
| গ। ব্র্যান্ড নেমসহ স্টিকার বাবদ - | ৫,০০০ টাকা |
| ঘ। মাইনে বাবদ | |
| (১) ১ জন কর্মী - | ১০,০০০ টাকা |
| (২) ১ জন সেলসম্যান - | ২০,০০০ টাকা |
| (ঙ) ঘর ভাড়া ও পরিবহণ ব্যয় - | ১৫,০০০ টাকা |
| | ১,২২,০০০ টাকা |
| আয় : | |
| ২,৫০০ শিশি রুম ফ্রেশনার বিক্রি বাবদ - (১০০ টাকা শিশি দরে) - | ২,৫০,০০০ টাকা |
| লাভ : | ১,২৮,০০০ টাকা |

এক লপ্তে বেশি পরিমাণে কাঁচামাল কিনতে পারলে কাঁচামালের দাম অন্তত ২০% কম হবে। তখন মাসে লাভ আরো বেড়ে যাবে। তবে বিক্রির বাজার না বাড়াতে পারলে বেশি টাকা ঢালা সমীচীন নয়।

### কোথায় কী পাবেন

১। কাচ ও প্লাস্টিকের বিকার পাবেন কলকাতার চিত্তরঞ্জন অ্যাভেনিউ আর কলেজ স্ট্রিটে মেডিক্যাল কলেজের উলটো দিকে ল্যাবরেটরির সামগ্রী বিক্রির দোকানে।

২। অ্যাল. ফক্স 200 আর ইথাইল অ্যালকোহল পাবেন কলকাতার বিবাদি বাগ এলাকায় বনফিল্ড লেন, আর্মেনিয়ান স্ট্রিট আর পর্তুগীজ চার্চ স্ট্রিটের বিভিন্ন দোকানে। এখানে ১টি ঠিকানা দিলাম : বিন্দুবাসিনী ট্রেডার্স, বনফিল্ড লেন, কলকাতা- ১। ফোন নং : ৮৮২০০ ৭৬২৩৫।

৩। সুগন্ধী তেল, অর্থাৎ পারফিউম্‌ড অয়েল পাবেন লালবাজারের কাছে রাধাবাজারের বিভিন্ন দোকানে। এখানে ১টি ঠিকানা দিলাম : কাদের বাশা, ১৭ এজরা স্ট্রিট। ফোন নং : ৯৮৩১১ ৩০৫২৬।

৪। পাম্প বা স্প্রেসহ কাচের ও প্লাস্টিকের শিশি পাবেন ওই এজরা স্ট্রিটেই। এখানে ১টি ঠিকানা দিলাম : স্টার ট্রেডিং, ৯ নং এজরা স্ট্রিট। ফোন নং : ৯৮৩১৩ ৬১১৬৩।

৫। নিজের ব্র্যান্ড নেমে স্টিকার তৈরি করাতে পারবেন কলকাতার শিয়ালদহ স্টেশনের কাছে বৈঠকখানা বাজারের বিভিন্ন দোকানে।

আরো বিস্তারিত জানতে ও আনুষঙ্গিক সহযোগিতার জন্য হোয়াটসঅ্যাপে টেক্সট মেসেজ পাঠাতে পারেন এই নম্বরে : ৯১৬৩৫ ৬৩৯২৮।

# আমার হোটেলের চাকরির স্বপ্নপূরণের সারথী TIEM



সুহানা চৌধুরী
ফ্রন্ট অফিস এক্সিকিউটিভ
দ্য লীলা (মুম্বই)

বর্ধমানের মেয়ে আমি। । বাড়ির পরিবেশের জন্য স্বাধীনভাবে বড়ো হয়েছি। বাবা-মা নিজের ইচ্ছাকে কখনো চাপিয়ে দেওয়ার চেষ্টা করেননি। নিজের মতো কেরিয়ার বেছে নেওয়ার পরামর্শ দেন। আদর্শ বালিকা বিদ্যালয় থেকে ২০২১ সালে উচ্চমাধ্যমিক পাশ করার পর অ্যাভিয়েশন নিয়ে পড়ে এয়ারহস্টেজ হওয়ার স্বপ্ন দেখি। কিন্তু কীভাবে ও কোথায় ট্রেনিং নিলে স্বপ্নপূরণ হবে তা জানতাম না। এক শিক্ষা সেমিনারে শিক্ষাবিদ ড. অর্ঘ্যদীপ পালের সঙ্গে পরিচয় হয় ও তাঁকে বলি এমন কোথায় ট্রেনিং নিতে চাই যেখানে পড়ার সঙ্গে সঙ্গে আয়ের সুযোগ পাব। বাবার কাছ থেকে পকেট মানি নিতে চাই না। অর্ঘ্যদীপ স্যার আমার স্বপ্নপূরণে পাশে দাঁড়ান ও পরামর্শ দেন The institute of Education and Management (TIEM) ভরতি হওয়ার। এখানে হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভরতি হই।

২০২১ সালে প্রথম বর্ষে পড়তে পড়তে কলেজের উদ্যোগে মরিশাস-র এক নামি হোটেলে ইন্টার্নশিপের সুযোগ পাই। ৬ মাসের ট্রেনিং নিতে নিতে হোটেলের কাজ ভালো লেগে যায়। পাশাপাশি হসপিটালিটি ম্যানেজমেন্টের কোর্সের পড়া চালিয়ে যাই। ট্রেনিং শেষে দেশে ফিরে এসে বেঙ্গালুরুতে 'হিলটন' হোটেলে ফ্রন্ট অফিস অ্যাসোসিয়েট পদে চাকরি পাই। পরে আরো ভালো সুযোগ আসে। ২০২৪ সালের সেপ্টেম্বর মাস নাগাদ মুম্বই এর দ্য লীলা হোটেলে ফ্রন্ট অফিস এক্সিকিউটিভ পদে চাকরি পাই। এখন এখানেই চাকরি করছি। ২টো হোটেলেই বাছাইয়ের জন্য একাধিক রাউন্ডের পরীক্ষা নেওয়া হয়। নানা পর্যায়ে মূলত বিষয়ভিত্তিক প্রশ্ন করা হয়, জানতে চাওয়া হয় সাবজেক্টের গভীরতা, পাশাপাশি দেখা হয় কমিউনিকেশন স্কিল ও স্মার্টনেস। আমার চাকরি পাওয়ার পিছনে নিজের দক্ষতার পাশাপাশি সিংহভাগ কৃতিত্ব রয়েছে The institute of Education and Management (TIEM)-এর ফ্যাকাল্টির। বাংলা মাধ্যমের ছাত্রী ছিলাম বলে ইংরিজিতে সড়গড় ছিলাম না। এখানকার স্যাররা আমাকে গ্রুমিং করে কমিউনিকেশন স্কিলে যেমন দক্ষ করে তোলেন, তেমনি নানা বিষয় শিখিয়ে আমার জীবন গড়ে দেন।

এখানকার বিশেষত্ব : (১) পড়াশোনার আধুনিক পরিকাঠামো, (২) উন্নত কোর্স মেটেরিয়াল, (৩) ফ্যাকাল্টি গাইডেন্স (৪) রেগুলার ইন্ডাস্ট্রি ভিজিট, (৫) বিদেশে জব ট্রেনিয়ের জন্য স্পেশাল ক্লাস, (৬), পড়তে পড়তে আয়ের সুযোগ, (৭) সংরক্ষিত প্রার্থী আর মেয়েদের জন্য কোর্স ফীর ৫% কনসেশন, (৮) ১০০% জব গ্যারান্টি, (৯) নিখরচায় বই ও ইউনিফর্ম।

এখানে হসপিটালিটি ম্যানেজমেন্টের ৩ বছরের ডিগ্রি, ৩ বছরের ডিপ্লোমা, ২ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা ও ১ বছরের সার্টিফিকেট কোর্স পড়ানো হয়। শিক্ষাগত যোগ্যতা লাগে উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ।

হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করার পর চাকরি হয় এইসব ক্ষেত্রে : হোটেল, হসপিটাল, শিপিং, অ্যাভিয়েশন, কর্পোরেট সংস্থা, এডুকেশন সেক্টর। হোটেল /হসপিটালিটি ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশ করার পর মাস্টার ডিগ্রি বা এমবিএ করা যায়। এমবিএ করা থাকলে কর্পোরেট সেক্টরে কাজ পেতে সুবিধা হয়। তবে এই মুহূর্তে দেশে- বিদেশে চাকরির বুমিং ক্ষেত্র হোটেল সেক্টর। হোটেলে এই ৪ বিভাগে চাকরি হয় : (১) ফ্রন্ট অফিস, (২) হাউজ কিপিং, (৩) ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, (৪) ফুড প্রোডাকশন। এছাড়াও চাকরি হয় সেলস অ্যান্ড মার্কেটিং আর হিউম্যান রিসোর্স বিভাগে। দেশের বাইরে চাকরির ভালো সুযোগ রয়েছে। এই প্রতিষ্ঠানের সফল ছাত্রছাত্রীরা দেশের নানা স্টার হোটেল ছাড়াও চাকরি করছে ইংল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, নিউজিল্যান্ড, জার্মানি, অস্ট্রেলিয়া ও মধ্য প্রাচ্যের কাতার, আফ্রিকার মরিশাস, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরশাহী, ওমান, মালদ্বীপে।

# অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ১৭৯ ওয়ার্কার

নিজস্ব প্রতিনিধি, জবলপুর : খামারিয়া অর্ডন্যান্স ফ্যাক্টরি 'ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার' ট্রেডে সি.পি.ড্যু. টেনারে ১৭৯ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত যে কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরি থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ১৭৯টি (জেনাঃ ৫৪, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৪৫, তঃউঃজাঃ ৬৭)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪০টি। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ৪ বছর বাড়তে পারে। প্রার্থী বাছাই হবে আই.টি.আই.-এ পাওয়া নম্বর আর ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/GA/RC/Tenure/DBW/05/2025.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.in/career পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল ও এখনকার তোলা পাশপোর্ট মাপের ফটো (ফটোর উল্টোপিঠে নাম, জন্ম-তারিখ লিখে দেবেন)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based DBW Personnel on Contract Basis'. দরখাস্ত পৌঁছনো চাই ৫ এপ্রিলের মধ্যে। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Officer In Charge, Personal Section, Ordnance Factory Khamaria, Jabalpur-482 005 (M.P.).

# ৫২ ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারি সংস্থা, ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৫২ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব ট্রেডে : কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. /বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : মেকানিক্যালে ৭টি, সিভিলে ৭টি, ইলেক্ট্রিক্যালে ৪টি, ইন্সট্রুমেন্টেশন ৩টি।

ওপরের সব ক্ষেত্রে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৬০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HRD/Rectt./Advt./2024-25/06.

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২৫' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.engineersindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ —
✆: 9830795430

গত সপ্তাহের পর

## একনজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**৭ ফেব্রুয়ারি :** জনপ্রিয় অনলাইন খাদ্য সরবরাহকারী সংস্থা 'জোম্যাটো'র নাম বদলে নতুন নাম 'ইটারনাল' রাখার সিদ্ধান্ত নেওয়া হল। সংস্থাটির প্রতিষ্ঠাতা দীপিন্দর গোয়েল জানিয়েছেন, কোম্পানির বোর্ড এই নাম বদলের অনুমোদন দিয়েছে ও শেয়ারহোল্ডারদেরও এই পরিবর্তনকে সমর্থন করার জন্য অনুরোধ করেছে। এটি অনুমোদিত হলে সংস্থাটির কর্পোরেট ওয়েবসাইট zomato.com থেকে eternal.com'এ পরিণত হবে। ইটারনাল ৪টি (জোম্যাটো, ব্লিঙ্কিট, ডিস্ট্রিক্ট ও হাইপারপিউর) বড় ব্যবসা নিয়ে গঠিত হবে।

❑ স্বাধীনভাবে কাজ করতে না পারার অভিযোগে, 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' থেকে সদস্যপদ প্রত্যাহার করে নিল আর্জেন্তিনা। স্বাস্থ্য বিষয়ক, বিশেষ করে কোভিড-১৯ সংক্রান্ত বিষয়গুলি সামলাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ভূমিকা নিয়ে গভীর মতভিন্নতাগুলিকে কেন্দ্র করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আর্জেন্তিনার আগের বামপন্থী সরকারের সময়ে মাসের পর মাস ধরে লকডাউন (করোনার সময়) চলার প্রসঙ্গটি এ ক্ষেত্রে উল্লেখ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২০২০ সালের জুলাইয়ে ট্রাম্পের প্রথম মেয়াদের সময় আনুষ্ঠানিকভাবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে বেরিয়ে গিয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্র।

❑ 'সেন্সর টাওয়ার'এর তরফ থেকে প্রকাশিত তথ্য অনুসারে, ২০২৪ সালে 'খাদ্য ও পানীয়' বিভাগে, বিশ্বের দ্বিতীয় সর্বাধিক ডাউনলোড হওয়া মোবাইল অ্যাপ'এর স্বীকৃতি পেল ভারতীয় কুইক কমার্স স্টার্টআপ 'জেপ্টো'। তবে, এই তালিকায় শীর্ষ স্থান ধরে রেখেছে মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন ফাস্ট ফুড চেইন 'ম্যাকডোনাল্ডস' হল বিশ্বে সবথেকে বেশি ডাউনলোড হওয়া খাবার ও পানীয় অ্যাপ। 'জেপ্টো'র প্রতিদ্বন্দ্বী 'ব্লিঙ্কিট' হল এই বিভাগে দশম সর্বাধিক ডাউনলোড করা অ্যাপ। এছাড়াও, এই বিভাগে 'জোম্যাটো'র স্থান পঞ্চম ও 'সুইগি'র স্থান নবম।

❑ 'ইউনিভার্সিটি অফ সাসেক্স'এর তরফ থেকে, সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেলেন 'টাটা গ্রুপ'এর একজন বিশিষ্ট ব্যবসায়ী নোয়েল টাটা।

❑ পুণে ইউনাইটেড'কে ৩-১ ব্যবধানে হারিয়ে, প্রথমবারের মতো 'বিশ্ব পিকলবল লিগ' শিরোপা জিতল বেঙ্গালুরু জওয়ানস।

**৮ ফেব্রুয়ারি :** স্বাধীন নামিবিয়ার প্রথম প্রেসিডেন্ট স্যাম নুজোমা (৯৫ বছর) মারা গেলেন। ১৯৯০ সালে দক্ষিণ আফ্রিকা থেকে স্বাধীনতার জন্য দীর্ঘ লড়াইয়ে নেতৃত্ব দেন তিনি। দক্ষিণ আফ্রিকা থেকে স্বাধীনতার পর, ১৯৯০ সালে দেশটির প্রেসিডেন্ট হন নুজোমা ও ২০০৫ সাল পর্যন্ত তিন মেয়াদে দেশ পরিচালনা করেন-তিনি।

❑ ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবে মহারাষ্ট্র, যা এআই শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের অগ্রগতিতে একটি উল্লেখযোগ্য মাইলফলক। প্রকল্পটি পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। এটি শিল্প, শিক্ষাবিদ ও সরকারের মধ্যে সহযোগিতাকে উৎসাহিত করবে। এই উদ্যোগের লক্ষ্য হল, মহারাষ্ট্রকে কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও প্রযুক্তিগত উদ্ভাবনের কেন্দ্রবিন্দুতে পরিণত করা। বিশ্ববিদ্যালয়টি কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কিত নীতি প্রণয়নের ওপরও কাজ করবে।

❑ রকেটের যন্ত্রাংশের জন্য, ভারতের বৃহত্তম ধাতব ৩ডি প্রিন্টিং মেশিন উন্মোচন করল 'ডিআরডিও' ও 'আইআইটি হায়দরাবাদ'। আইআইটি হায়দরাবাদের ডিআরডিও-ইন্ডাস্ট্রি-আকাদেমিয়া সেন্টার অফ এক্সেলেন্স'এ এটি তৈরি করা হয়েছে। এই মেশিনটিতে অ্যাডিটিভ ম্যানুফ্যাকচারিংয়ের জন্য পাউডার ভিত্তিক ডায়রেক্টেড এনার্জি /ডিপোজিশন প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। এর বিল্ড ভলিউম ১ মিটার × ১ মিটার × ৩ মিটার, যা এটিকে ভারতের বৃহত্তম ধাতব ৩ডি প্রিন্টারগুলির মধ্যে একটি করে তুলেছে। তাপীয় ভারসাম্য ও গতির জন্য সিস্টেমটিতে ডুয়াল হেড রয়েছে।

❑ পাক-ই-স্তান ফুটবল ফেডারেশনকে নিষিদ্ধ করল ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা 'ফিফা'। ২০১৭ সাল থেকে গত ৮ বছরে এই নিয়ে তৃতীয়বারের মতো এই নিষেধাজ্ঞার আওতায় পড়ল পাক-ই-স্তান ফুটবল ফেডারেশন। ফলে, তারা আর কোনো ধরনের আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টে অংশ নিতে পারবে না। সংবিধান বদল করে স্বচ্ছ ও গণতান্ত্রিক নির্বাচন করতে ব্যর্থ হয়েছে পাক-ই-স্তান ফুটবল ফেডারেশন, এই অভিযোগ এনেই দেশটিকে নির্বাসিত করা হল।

**৯ ফেব্রুয়ারি :** কলকাতার ঐতিহাসিক 'ফোর্ট উইলিয়াম'এর নাম বদল করে 'বিজয় দুর্গ' রাখল কেন্দ্রীয় সরকার, যা ব্রিটিশ ঔপনিবেশিক প্রভাব মুছে ফেলার প্রচেষ্টার অংশ। 'ফোর্ট উইলিয়াম' এখন ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের সদরদফতর হিসাবে ব্যবহৃত হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ফোর্ট উইলিয়াম ১৭৫৮ সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির মাধ্যমে নির্মাণ শুরু হয় ও ১৭৮১ সালে তা শেষ হয়। ইংল্যান্ডের তৃতীয় রাজা উইলিয়ামের নামানুসারে এটির নামকরণ করা হয়েছিল।

❑ ২৪ ফেব্রুয়ারি, বিশ্বের বৃহত্তম ঝুমুর নৃত্য উৎসব আয়োজন করেছে অসম। এটি অ্যাডভান্টেজ অসম ২.০ ইনভেস্টমেন্ট সামিট'এর একটি অংশ। এই অনুষ্ঠানের লক্ষ্য হল, ৭,৫০০ জনেরও বেশি নৃত্যশিল্পীর অংশগ্রহণে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' স্থাপন করা। এই উৎসব অসমের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরে।

❑ প্রথম লাতিন আমেরিকান দেশ হিসাবে, চিনের নেতৃত্বাধীন বিশাল পরিকাঠামো বিনিয়োগ প্রকল্প 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' থেকে বেরিয়ে গেল পানামা। ৬ ফেব্রুয়ারি, দেশটির প্রেসিডেন্ট জোসে রাউল মুলিনো এক বিবৃতিতে এই প্রকল্প থেকে বেরিয়ে আসার কথা ঘোষণা করেন। ক্রমাগত মার্কিন যুক্তরাষ্ট্রের চাপের মুখে এই সিদ্ধান্ত নিয়েছে তারা। ফলে, ২০১৭ সালে চিনের সঙ্গে স্বাক্ষরিত এই চুক্তির মেয়াদ পুনর্নবীকরণ করবে না দেশটি। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৭ সালে 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'এ যোগ দেয় পানামা।

❑ চিনের "চ্যাং'ই-৮" চন্দ্রাভিযানের জন্য 'চিনা ন্যাশনাল স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'এর সঙ্গে অংশীদারিত্ব করল পাক-ই-স্তানের মহাকাশ সংস্থা 'স্পেস অ্যান্ড আপার অ্যাটমোস্ফিয়ার রিসার্চ কমিশন', যা ২০২৮ সালে উৎক্ষেপণ করা হবে। এই প্রথমবারের মতো চন্দ্র অনুসন্ধান অভিযানে অংশ নিচ্ছে পাক-ই-স্তান, যা দেশটির মহাকাশ ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক। এই যৌথ অভিযানের আওতায়, 'সুপারকো' ৩৫ কেজি ওজনের একটি চন্দ্র রোভার তৈরি করবে, যা চাঁদের দুর্গম দক্ষিণ মেরু অঞ্চলে পরীক্ষা-নিরীক্ষা চালাবে। "চ্যাং'ই-৮" হল চিনের 'ইন্টারন্যাশনাল লুনার রিসার্চ স্টেশন' প্রকল্পের অংশ। এই মিশনটি সমীক্ষা, চাঁদের নমুনা বিশ্লেষণ ও সম্পদ ব্যবহারের পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করবে।



ভারতের দ্বিতীয় বয়স্কতম ক্রিকেটার হিসাবে, একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হল ৩৩ বছর বয়সি বরুণ চক্রবর্তী'র। কটকে, ইংল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় একদিনের ম্যাচে ভারতের প্রথম একাদশে সুযোগ পেয়ে এই নজির গড়েন তিনি। এদিনের হিসাব অনুযায়ী, বরুণের বয়স হল ৩৩ বছর ১৬৪ দিন। বরুণের থেকে বেশি বয়সে ভারতের এক দিনের দলে অভিষেক হয়েছিল ফারুখ ইঞ্জিনিয়ার'এর। ১৯৭৪ সালে ৩৬ বছর ১৩৮ দিন বয়সে ভারতীয় দলে অভিষেক হয়েছিল তাঁর। দ্বিতীয় বয়স্কতম হলেন বরুণ।

❑ অস্ট্রেলিয়ার প্রথম ক্রিকেটার হিসাবে, টেস্ট ক্রিকেটে ২০০ ক্যাচ নেওয়ার কীর্তি অর্জন করলেন স্টিভ স্মিথ। গলে, শ্রীলঙ্কার বিপক্ষে সিরিজের দ্বিতীয় টেস্টে খেলতে নেমে নন-উইকেটকিপার হিসাবে ২০০ উইকেট নেওয়ার মাইলফলক অর্জন করেন তিনি। দুই ইনিংসে মিলিয়ে মোট ৫টি ক্যাচ ধরেন স্মিথ। সেই সুবাদে টেস্ট ক্রিকেটে ২০০ ক্যাচ ধরার নজির গড়েন তিনি। উইকেটকিপার ছাড়া অস্ট্রেলিয়ার আর কোনো ফিল্ডার টেস্টে ২০০ ক্যাচ ধরতে পারেননি। তবে, নন-উইকেটকিপার হিসাবে বিশ্বের পঞ্চমতম ক্রিকেটার হলেন স্মিথ, যিনি টেস্টে ২০০ ক্যাচ ধরার নজির গড়েন। তাঁর আগে এই কৃতিত্ব অর্জন করেছেন ভারতের রাহুল দ্রাবিড় (২১০), ইংল্যান্ডের জো রুট (২০৭), শ্রীলঙ্কার মাহেলা জয়াবর্ধনে (২০৫) ও দক্ষিণ আফ্রিকার জ্যাক কালিস (২০০)।

**১০ ফেব্রুয়ারি :** বিশ্বে এই প্রথম আইভিএফ প্রযুক্তি ব্যবহার করে ক্যাঙারুর ভ্রূণ তৈরি করলেন অস্ট্রেলিয়ান বিজ্ঞানীরা। প্রথমে ইস্টার্ন গ্রে ক্যাঙারুদের নমুনা ব্যবহার করে একটি একক শুক্রাণু কোশ ডিমে প্রবেশ করিয়ে সফলভাবে এই ভ্রূণ তৈরি করেন গবেষকরা। 'কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়'এর এই গবেষণায় ক্যাঙারুর ডিম ও শুক্রাণুর বৃদ্ধি পর্যবেক্ষণ করা হয়েছিল। তারপর ইন্ট্রাসাইটোপ্লাজমিক শুক্রাণু ইনজেকশন পদ্ধতি ব্যবহার করে ভ্রূণ তৈরি করা হয়। এরমধ্যেই, মানুষ ও কিছু গৃহপালিত পশুর ওপর এই পদ্ধতি পরীক্ষা করা হয়েছে। প্রধান গবেষক আন্দ্রেস গাম্বিনি বলেন, এটি মারসুপিয়াল প্রজাতির প্রজনন সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করবে।

❑ নয়াদিল্লির এইমসে, ভারতের প্রথম দেশীয় স্বয়ংক্রিয় জৈব চিকিৎসা বর্জ্য শোধনাগার 'সৃজনম'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী ড.জিতেন্দ্র সিং। এটি তৈরি করেছে সিএসআইআর-ন্যাশনাল ইনস্টিটিউট ফর ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স অ্যান্ড টেকনোলজি। এটির প্রাথমিক ক্ষমতা প্রতিদিন ৪০০ কেজি ও এটি প্রতিদিন ১০ কেজি পচনশীল চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ করতে পারে। ভারত প্রতিদিন ৭৪৩ টন জৈব চিকিৎসা বর্জ্য উৎপন্ন করে, যা স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ।

**১১ ফেব্রুয়ারি :** দেশের বাজারে নয়া স্পোর্টস ড্রিঙ্ক নিয়ে এল 'রিলায়েন্স'। 'রিলায়েন্স কনজিউমার প্রোডাক্টস লিমিটেড'এর তরফ থেকে দেশের বাজারে 'স্পিনার' নামে ওই নতুন স্পোর্টস ড্রিঙ্ক চালু করা হয়েছে। শ্রীলঙ্কা ক্রিকেটের কিংবদন্তি মুথাইয়া মুরলীধরন'এর সঙ্গে যৌথ উদ্যোগে এই স্পোর্টস ড্রিঙ্কটি চালু করেছে কোম্পানিটি। ভারতে মাত্র ১০ টাকা দামে এটি কেনার সুবিধা পাওয়া যাবে।

**১২ ফেব্রুয়ারি :** যৌথভাবে ঐতিহাসিক ফরাসি শহর মার্সেইতে প্রথম ভারতীয় দূতাবাসের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। মার্সেই শহরে এসে মোদী স্মরণ করেছেন বীর সাভারকর'কে। এছাড়াও, এদিন 'ওয়ার সিমেট্রি'তে শহীদ ভারতীয় সেনাদের প্রতি শ্রদ্ধা জানান মোদী।

**১৩ ফেব্রুয়ারি :** মহর্ষি দয়ানন্দ সরস্বতীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে, আজমীরের ঐতিহ্যবাহী 'কিং এডওয়ার্ড মেমোরিয়াল'এর নাম বদল করে আনুষ্ঠানিকভাবে 'মহর্ষি দয়ানন্দ বিশ্রান্তি গ্রহ' করা হল। রাজস্থান বিধানসভার অধ্যক্ষ বাসুদেব দেবনানী এই নামকরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। আজমীর রেলওয়ে স্টেশনের ঠিক সামনে অবস্থিত এই ভবনটি ১৯১১ সালে নির্মাণ শুরু হয়েছিল ও এক বছরের মধ্যেই এই নির্মাণ কাজ শেষ হয়েছিল। জেলা প্রশাসন এখানে একটি হোটেল ও গেস্ট হাউজ পরিচালনা করে।

❑ কিংবদন্তি গায়ক মহম্মদ রফি'র ১০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে ১০০ টাকার একটি স্মারক মুদ্রা প্রকাশের ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। এই উদ্যোগটি ভারতীয় সঙ্গীত ও সংস্কৃতিতে রফির অসামান্য অবদানকে উদ্‌যাপন করে। ১০০ টাকার ওই মুদ্রায় রফি'র একটি ছবি থাকবে, যা সঙ্গীত জগতে তাঁর স্থায়ী উত্তরাধিকারের প্রতীক। যদিও, নির্দিষ্ট নকশার বিশদ বিবরণ এখনও প্রকাশ্য করা হয়নি। প্রসঙ্গত উল্লেখ্য, তাঁর জন্ম ১৯২৪ সালের ২৪ ডিসেম্বর।

❑ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করল কেন্দ্রীয় সরকার। প্রায় ২১ মাসের জাতিগত সংঘাতে মণিপুরে ২৫০ জনের বেশি মানুষ মারা যান। শত শত বাড়িঘরে আগুন লাগানো হয়। স্থানচ্যুত হয় হাজারো মানুষ। এই পরিস্থিতিতে ৯ ফেব্রুয়ারি পদত্যাগের ঘোষণা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী এন.বীরেন সিং। সংবিধানের অনুচ্ছেদ ৩৫৬'র আওতায় রাজ্যটিতে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়। অর্থাৎ, নির্বাচিত সরকার ব্যর্থ হওয়ায়, রাজ্যটি সরাসরি কেন্দ্রের নিয়ন্ত্রণে গেল। প্রসঙ্গত উল্লেখ্য, মণিপুরে শেষ রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছিল ২০০১ সালের ২ জুন। এই শাসন ২৭৭ দিন স্থায়ী হয়েছিল।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# কেন্দ্রীয় সংস্থায় ৭১ ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব প্রতিনিধি, মুম্বই :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি', 'ইঞ্জিনিয়ার', 'অফিসার', 'অপারেটর ট্রেনি', 'জুনিয়র ফায়ারম্যান' পদে ৭১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**পোস্ট কোড : OPRTR_CHEM/04022025 : অপারেটর ট্রেনি (কেমিক্যাল) :** ফিজিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আর এন.সি.ভি.টি. অনুমোদিত সংস্থা থেকে এ.ও. (সি.পি.) ট্রেডে পাশ হলে যোগ্য। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। সব ক্ষেত্রে কেমিক্যাল, ফার্টিলাইজার্স, রিফাইনারি বা, পেট্রো কেমিক্যাল ইন্ডাস্ট্রিতে প্ল্যান্ট অপারেশনের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫৪টি (তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৩০)।

**পোস্ট কোড : OPTR_ BOI/04022025 : বয়লার অপারেটর গ্রেড-III :** উচ্চমাধ্যমিক পাশরা বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি কোর্স পাশ হলে যোগ্য। বয়লার অ্যাটেন্ড্যান্ট বা, বয়লার অপারেটর হিসাবে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (তঃউঃজাঃ)।

**পোস্ট কোড : JRFIRE/04022025 : জুনিয়র ফায়ারম্যান গ্রেড-II :** উচ্চমাধ্যমিক পাশরা ৬ মাসের ফায়ারম্যান রেসিডেন্সিয়াল কোর্স পাশ হলে যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স হতে হবে ৩৪ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (তঃউঃজাঃ)।

**পোস্ট কোড : TECHTR_INSTR/04022025 : টেকনিশিয়ান ট্রেনি (ইন্সট্রুমেন্ট) :** কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর এন.সি.ভি.টি. অনুমোদিত সংস্থা থেকে আই.এম. (সি.পি.) ট্রেডে পাশ হলে যোগ্য। ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (তঃউঃজাঃ)।

**পোস্ট কোড : TECHTR_MECH/04022025 : টেকনিশিয়ান ট্রেনি (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩৩ বছরের মধ্যে। শূন্যপদ : ৮টি (তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-২-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

ম্যানেজমেন্ট ট্রেনি পদে ১ বছরের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৩০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। অফিসার /ইঞ্জিনিয়ার পদের বেলায় মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। অপারেটর ট্রেনি পদের বেলায় ১ বছরের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২২০০০-৬০,০০০ টাকা। জুনিয়র ফায়ারম্যান পদের বেলায় মূল মাইনে : ১৮,০০০-৪২০০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন টেস্ট হবে, কলকাতা ও গুয়াহাটিতে। প্রশ্ন হবে ইংরিজিতে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। এরপর হবে ইন্টারভিউ ও ট্রেড টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : 04022025.

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rcfltd.com তখন পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পি.এস.সি.'র

■ ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স. থেকে বি.এসসি. নার্সিং কোর্স পাশ করেছি। ডব্লু.বি.সি.এস. বা, গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা দিতে পারব কি? — সোহমা গিরি, বেনাচিতি, দুর্গাপুর-১৩, পশ্চিম বর্ধমান।

■■ হ্যাঁ, নার্সিংয়ের বি.এসসি. কোর্স পাশরা গ্র্যাজুয়েট যোগ্যতায় সব পরীক্ষাই দিতে পারবেন।

■ ২০২৫ সালে পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি কি বেরোবে? না ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত মামলার জন্য পিছোবে? — সৌরভ খান,

■■ হ্যাঁ, ২০২৪ সালের ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর বেরোবে। প্রথম পর্যায়ের পার্ট-ওয়ান পরীক্ষা হবে ২৮ ডিসেম্বর। দরখাস্ত নেওয়া শুরু হবে ৮ আগস্ট থেকে, চলবে ২৯ আগস্ট পর্যন্ত। ও.বি.সি. সংক্রান্ত মামলার জন্য দরখাস্ত নিতে অসুবিধা হওয়ার কথা নয়। তবে ও.বি.সি. মামলার জন্য দরখাস্ত নিতে দেরি হবে।

■ পি.এস.সি. ক্লার্কশিপের পার্ট-টু পরীক্ষা হওয়ার কথা আছে ১৫ জুন। ওই তারিখে পরীক্ষা কি হবে? না ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত মামলার জন্য পরীক্ষা পিছোবে? — ইব্রাহিম মন্ডল, বর্ধনবেড়িয়া, গোপালনগর, উত্তর ২৪পরগনা।

■■ এখনো পর্যন্ত ঠিক আছে পরীক্ষা ওইদিনই হবে। তার আগে পার্ট-ওয়ান পরীক্ষার ফল প্রকাশিত হবে।

## পুলিশে চাকরির

■ কলকাতা পুলিশে হোম গার্ড পদে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে কি? — দীপঙ্কর পোড়েল।

■■ হ্যাঁ, বেরোবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? নতুন বিজ্ঞপ্তি কি এবছর বেরোবে? — মৃগাঙ্ক শেখর অধিকারী। অভিজিৎ গড়াই, সিউড়ি, বীরভূম। শুভম, কালনা।

■■ কোনো পদেরই পরীক্ষার তারিখ এখনো তারিখ ঠিক হয়নি। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

## রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পর্যায়ের পরীক্ষা কবে শুরু হবে? — তারক চক্রবর্তী, শিলিগুড়ি।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ রেলের বিজ্ঞপ্তি নং ৪/২০২৪'র বিভিন্ন প্যারা মেডিক্যাল কর্মী পদের জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার পরীক্ষা কবে হবে? — মণীষা দাস, রাজেন্দ্রনগর, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।

■■ রেলের প্যারা মেডিক্যাল পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ২৮ এপ্রিল থেকে ৩০ এপ্রিল পর্যন্ত।

■ রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা কবে হবে? — অপূর্ব মাহাতো, মগরা, হুগলি।

■■ রেলের বিজ্ঞপ্তি নং ০৩/২০২৪'এর জুনিয়র ইঞ্জিনিয়ার, ডি.এম.এস., সি.এম.এ. পদের দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে ২২ এপ্রিল।

■ রেলের গ্রুপ-ডি পদের কম্পিউটার বেসড টেস্ট কবে হতে পারে? — আনোয়ার আলি, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।

■■ এখনো তারিখ ঠিক হয়নি। তবে পরীক্ষা জুলাই-আগস্টে হতে পারে।

## স্কুল সার্ভিসের

■ প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি। সংগ্রাম বোস, অরবিন্দনগর, আলিপুরকোর্ট, আলিপুরদুয়ার।

■■ আপাতত বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

## কোর্স ও ট্রেনিং

■ নার্সিংয়ের এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কখন বেরোয়? এই কোর্স শেষ করেই কি চাকরি পাওয়া যায়? সরকারি সংস্থা থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ করলে কি সরকারি সংস্থাতেই চাকরি পাব? বেসরকারি সংস্থা থেকে করলেও কি চাকরি পাওয়া যায়? এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে সরকারি ইনস্টিটিউটে সীট সংখ্যা কত আছে? — পল্লবী গুপ্তা, নরেন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা। রিঙ্কু বিশ্বাস, শেওড়াফুলি, হুগলি। নূপুর বিশ্বাস, জগদীশপুর, হাওড়া।

■■ নার্সিং হল একটি আকর্ষণীয় পেশা। এই কোর্স পাশ করলেই চাকরি পাওয়ার সম্ভাবনা ১০০% থাকে। এ.এন.এম. / জি.এন.এম. কোর্সে ভরতির জন্য পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড এন্ট্রান্স পরীক্ষা নিয়ে থাকে। এবছর এখনো দরখাস্ত নেওয়া হয়নি। খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে। পরীক্ষা হবে ২৯ জুন। অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.wbjeeb.in, www.wbjeeb. nic.in

■ ২০১২ সালে মাধ্যমিক পাশ করেছি। তারপর শারীরিক কারণে পড়াশোনা করতে পারিনি। এখন সরকারি স্কুলে উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে পারব কি? —অতনু রায়, লালবাগ, মুর্শিদাবাদ। প্রবীর মন্ডল, চাকদহ, নদিয়া।

■■ এতবছর পড়াশোনা থেকে বিচ্ছেদ থাকলে রেগুলার কোর্সে পড়া যায় না। তাই মুক্ত বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক পড়তে পারবেন।

■ ইংরিজিতে গ্র্যাজুয়েট হয়েছি। অপ্টোমেট্রির কোর্স করে সরকারি প্রতিষ্ঠানে চাকরি পেতে পারি কি? — অরিনা চক্রবর্তী, কোপিডাঙ্গা, চুঁচুড়া, হুগলি।

■■ অপ্টোমেট্রির কোর্স করতে হলে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। অপ্টোমেট্রির কোর্স পাশ করে সরকারি বা, বেসরকারি যে কোনো প্রতিষ্ঠানে চাকরির সুযোগ আছে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | গ্র্যাজুয়েট | - | - | www.pscwbapplication.in |
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| কৃষি দফতরে লেকচারার | মাস্টার ডিগ্রি | - | ২১-৫-২৫ | www.asrb.org.in |
| দক্ষিণ-পূর্ব মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,০০৩ | ২-৪-২৫ | https://apprenticeshipindia.gov.in |
| সি.এস.আই.আর.-এ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা | ৪৩ | ১১-৪-২৫ | www.nal.res.in |
| আই.আই.টি. রুরকিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৪২ | ৭-৪-২৫ | www.iitr.ac.in |
| ভাস্করাচার্য ন্যাশনাল ইনস্টিঃ টেকনিক্যাল কর্মী | গ্র্যাজুয়েট | ২৭৫ | ১৬-৪-২৫ | https://bisag-n.gov.in |
| দূষণ নিয়ন্ত্রণ পর্ষদে টাইপিস্ট, অ্যাসিস্ট্যান্ট | মাস্টার ডিগ্রি | ৬৯ | - | www.cpcb.nic.in |
| নর্থ ইস্টার্ন ইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশনে এক্সি. ট্রেনি | গ্র্যাজুয়েট | ২৮ | - | www.neepco.co.in |
| সেনাবাহিনীতে অগ্নিবীর | এইট, মাধ্যমিক উচ্চমাধ্যমিক | - | ১০-৪-২৫ | www.joinindianarmy.nic.in |
| এক্সিম ব্যাঙ্কে ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ২২ | ১৫-৪-২৫ | www.eximbankindia.in |
| বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে জুনিয়র ক্লার্ক | গ্র্যাজুয়েট | ১৯১ | ১৭-৪-২৫ | http://bhu.ac.in |
| আর্মিতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | - | ১০-৪-২৫ | www.joinindianarmy.nic.in |
| নেভিতে অগ্নিবীর | মাধ্যমিক | - | ১০-৪-২৫ | https://joinindiannavy.gov.in |
| মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | | | |

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## অন্যান্য চাকরির

■ কিছুদিন আগে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত মামলা মিটে গেলে প্রায় ২-৩ লাখ রাজ্য সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোবে? কী কী বিজ্ঞপ্তি বেরোতে পারে? — গোপাল দাস, নাখাদা, পূর্ব বর্ধমান।

■■ পি.এস.সি.'র মাধ্যমে রাজ্য সরকারের একাধিক সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোবে, যেমন, ডব্লু.বি.সি.এস., ক্লার্কশিপ, মিসলেনিয়াস, আই.ডি.ও., গ্রুপ-ডি, স্কুল সার্ভিস ক্লার্ক, গ্রুপ-ডি, স্কুল সার্ভিসের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা, পি.এস.সি.'র মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা, পঞ্চায়েত দফতর, পুলিশ বিভাগ-সহ একাধিক দফতরে লোক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে।

■ কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের মেনস পরীক্ষা কবে হবে? — স্নিগ্ধা বসাক, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর। চন্দন পুরকাইত, বৈদ্যনাথপুর, বাগনান, হাওড়া।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ পঞ্চায়েত দফতরে লোক নিয়োগের জন্য কবে থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে? — ভীম সিনহা, পাইক পাড়া, সাগা, মুর্শিদাবাদ।

■■ এখনো দরখাস্ত নেওয়া শুরু হয়নি।

■ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী। বয়স ২৯ বছর। কী কী পরীক্ষা দিতে পারব? — সৌরভ চক্রবর্তী, জয়নগর, মজিবুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সব পরীক্ষাই প্রতিবন্ধী ক্যাটেগরিতে দিতে পারবেন।

## প্রাইমারির

■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল কবে বেরোবে? ২০২৪ সালের প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? ও.বি.সি. সার্টিফিকেট মামলার জন্য ফল বেরোতে দেরি হচ্ছে কি? — আনোয়ার আলি, উত্তর দিনাজপুর। প্রিয়াঙ্কা অধিকারী, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা। জাকির হোসেন, শান্তিপুর, নদিয়া।

■■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল যে কোনো সময়ই বেরোতে পারে। ২০২৪ সালের বিজ্ঞপ্তি এবছর বেরোবে। তবে কবে বেরোবে তা জানানো সম্ভব নয়।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের NTPC
রাজ্য পুলিশের
CONSTABLE
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

# রেলের গ্রুপ 'ডি'

1. উদ্ভিদদেহে অক্সিন নিচের কোন কাজটি সম্পাদন করে?
(A) বৃদ্ধি ও বিকাশ নিয়ন্ত্রণ করে (B) প্রজনন কার্য সম্পাদন করে (C) কীটপতঙ্গ ও পোকামাকড়ের হাত থেকে রক্ষা করে (D) সালোকসংশ্লেষের পদার্থগুলির সংশ্লেষ করতে সহায়তা করে

2. বৃষ্টির জলের PH কত কম থাকলে তাকে 'অ্যাসিড বৃষ্টি' বলা হয়?
(A) 5.6 (B) 6.0 (C) 7.0 (D) 7.5

3. গতিশীল জীবাণু কোষকে বলা হয় একটি —
(A) আইসোগ্যামেট (B) স্ত্রী গ্যামেট (C) পুং গ্যামেট (D) গ্যামেট

4. গতিবেগ ($\nu$), তরঙ্গদৈর্ঘ্য ($\lambda$) ও শব্দের কম্পাঙ্ক ($f$) কীভাবে সম্পর্কিত?
(A) $\lambda = \nu \times f$ (B) $f = \lambda \times \nu$ (C) $\nu = \lambda \times f$ (D) $f = \lambda / \nu$

5. কোন সূত্র অনুযায়ী স্থির চাপে নির্দিষ্ট একটি আদর্শ গ্যাসের আয়তন তার পরম তাপমাত্রার সমানুপাতিক?
(A) বয়েলের সূত্র (B) চার্লসের সূত্র (C) অ্যাভোগাড্রোর সূত্র (D) জুলের সূত্র

6. পোড়াচুন জলের সঙ্গে বিক্রিয়া করে —— গঠন করে। (শূন্যস্থান পূরণ করুন)
(A) চুনাপাথর (B) কলিচুন (C) চুনের ক্লোরাইড (D) চক পাউডার

7. একটি বৈদ্যুতিন বর্তনীতে, বর্তনীর কী পরিবর্তন করতে রিওস্ট্যাট ব্যবহার করা হয়?
(A) তাপমাত্রা (B) রোধ (C) বিদ্যুৎ প্রবাহ (D) বিভব পার্থক্য

8. মানবদেহের কোন গ্রন্থি, যা উৎসেচক ও হরমোন উভয়কেই নিঃসরণ করে —
(A) যকৃৎ (B) অগ্ন্যাশয় (C) লালা গ্রন্থি (D) পিটুইটারি

9. সাইট্রাস ফলের মধ্যে কোন ভিটামিন রয়েছে?
(A) ভিটামিন D (B) ভিটামিন B (C) ভিটামিন C (D) ভিটামিন A

10. যদি 1000 ওয়াটের একটি বৈদ্যুতিক ইস্ত্রি 3 ঘণ্টা/দিন চলে, তবে 30 দিনে মোট কত Kwh শক্তি খরচ হবে?
(A) 90000 (B) 9000 (C) 90 (D) 900

11. নিচের কোনটি লাফিং (হাসির) গ্যাস নামেও পরিচিত?
(A) নাইট্রোজেন ডাই-অক্সাইড (B) নাইট্রোজেন ট্রাই অক্সাইড (C) নাইট্রোজেন টেট্রাঅক্সাইড (D) নাইট্রাস অক্সাইড

12. একই পদার্থের অণুর মধ্যেকার আকর্ষণ বলকে ____ বলে।
(A) সান্দ্রতা (B) পৃষ্ঠটান (C) আসঞ্জন বল (D) সংশক্তি বল

13. নিচের কোনটি বেকিং সোডার রাসায়নিক নাম?
(A) সোডিয়াম ক্লোরাইড (B) সোডিয়াম বাই কার্বনেট (C) সোডিয়াম কার্বনেট ডেকাহাইড্রেট (D) ক্যালসিয়াম কার্বনেট/চুনাপাথর

14. পদার্থের একটি ফর্মের কোনো নির্দিষ্ট আকৃতি নেই, তবে এটির একটি নির্দিষ্ট আয়তন রয়েছে। পদার্থের এই ফর্মের একটি উদাহরণ —
(A) কার্বন ইস্পাত (B) ক্রিপ্টন (C) কেরোসিন (D) ওপরের সবগুলিই

15. রোধের SI একক কী?
(A) অ্যাম্পিয়ার (B) কুলম্ব (C) ভোল্ট (D) ওহম

16. একটি বস্তুর ভরবেগ হল 50 কেজি, মি.সেকেন্ড$^{-1}$ ও গতিবেগ হল 5 মি.সেকেন্ড$^{-1}$, সেই বস্তুর ভর কত?
(A) 250 নিউটন (B) 250 কেজি (C) 10 নিউটন (D) 10 কেজি

17. হ্যালোজেনের বাইরের কক্ষে পাওয়া ইলেক্ট্রনের সংখ্যা কত?
(A) পাঁচ (B) সাত (C) দুই (D) এক

18. উদ্ভিদের নমনীয়তার জন্য কোন কলা দায়ী?
(A) মেরিস্টেম্যাটিক (B) স্ক্লেরেনকাইমা (C) প্যারেনকাইমা (D) কোলেনকাইমা

19. মানুষের পরিপাকনালীতে ভিলি কোথায় থাকে?
(A) অগ্ন্যাশয় (B) খাদ্যনালী (C) পাকস্থলী (D) ক্ষুদ্রান্ত্র

20. কৃত্রিম তন্তু, কৃত্রিম রাবার, প্লাস্টিক, ডাই সামগ্রী, ওষুধ ও ফার্মাসিউটিক্যালস তৈরিতে কী ব্যবহার করা হয়?
(A) আখ (B) পেট্রোকেমিক্যাল (C) প্রাকৃতিক গ্যাস (D) কয়লা

21. নলাকার লেন্স ______ রোগে আক্রান্ত ব্যক্তি ব্যবহার করেন —
(A) বিষমদৃষ্টি (B) হ্রস্ব দৃষ্টি (C) হাইপারোপিয়া (D) ক্ষীণদৃষ্টি

22. একটি অবতল দর্পণে C ও F-এর মধ্যে একটি সদ অবশীর্ষ ও ছোট প্রতিবিম্ব পেতে বস্তুটিকে কোথায় স্থাপন করতে হবে?
(A) C তে (B) C-এর বাইরে (C) F ও C-এর মধ্যে (D) F ও P-এর মধ্যে

23. C. G. S-এ সার্বজনীন মহাকর্ষীয় ধ্রুবক (G)-এর মান কত?
(A) $(6.67 \times 10^{-8})$ c.g.s একক (B) $(6.67 \times 10^{-7})$ c.g.s একক (C) $(6.67 \times 10^{-9})$ c.g.s একক (D) $(6.67 \times 10^{-6})$ c.g.s একক


24. 'g' ও ত্বরণের SI একক একই, এটি হল ————।
(A) $ms^{1}$ (B) $ms^{-2}$ (C) $ms^{2}$ (D) $ms^{-1}$

25. নিচের কোনটি টেসলা নামক SI প্রাপ্ত ইউনিটে পরিমাপ করা হয়?
(A) ইল্যুমিনান্স (B) ম্যাগনেটিক ফ্লাক্স ডেন্সিটি (C) লুমিনুস ফ্লাক্স (D) ক্যাপ্যাসিট্যান্স

26. সবথেকে বড় সংখ্যা কোনটি, যার মাধ্যমে 456 ও 553 কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে 6 ও 3 হয়?
(A) 5 (B) 50 (C) 10 (D) 30

## RRB Exam

# রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ৩২,৪৩৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ে কম্পিউটার বেসড পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৬৫টি প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **অতনু ঘোষ**।

27. একটি সংখ্যা 1a2b3c, 11 দিয়ে সম্পূর্ণ বিভাজ্য হয়। তাহলে (a, b, c)-এর সম্ভাব্য মানগুলি কী কী হতে পারে?
(A) (4, 0, 2) (B) (4, 5, 3) (C) (5, 2, 7) (D) (5, 3, 6)

28. 4, 8; 12, 16 ও 20-এর সামন্তরীয় মধ্যক কত?
(A) 8 (B) 10 (C) 14 (D) 12

29. 15% ও 35%-এর ক্রমিক ছাড় নিচের কোন একক ছাড়ের সমতুল্য?
(A) 42.28% (B) 12.5% (C) 44.75% (D) 33.33%

30. একটি শঙ্কুর আয়তন কত হবে, যদি তার ভূমির ব্যাস 12 সেন্টিমিটার ও উচ্চতা 21.7 সেন্টিমিটার হয়?
(A) 626.3 সেমি$^{3}$ (B) 548.6 সেমি$^{3}$ (C) 818.4 সেমি$^{3}$ (D) 334.5 সেমি$^{3}$

31. $\sin(50^\circ + A) - \cos(40^\circ - A)$-এর মান নির্ণয় করুন।
(A) 2 (B) 0 (C) − 1 (D) 1

32. গণেশ ও রাজেশের বয়সের অনুপাত যথাক্রমে 8 : 7 ও তাদের বয়সের যোগফল 90 বছর। 4 বছর পর তাদের বয়সের অনুপাত কত হবে?
(A) 24 : 21 (B) 23 : 26 (C) 26 : 23 (D) 21 : 24

33. একটি পণ্যের মূল্য 35% কমানো হয়েছে। প্রকৃত মূল্য পেতে হলে নতুন মূল্যটি কত শতাংশ বাড়াতে হবে?
(A) $66\frac{2}{13}$% (B) $33\frac{1}{3}$% (C) $53\frac{11}{13}$% (D) $52\frac{1}{13}$%

34. একটি ট্রেন 80 সেকেন্ড ও 60 সেকেন্ডে যথাক্রমে 600 মিটার ও 300 মিটার দৈর্ঘ্যের দু'টি সেতু সম্পূর্ণভাবে অতিক্রম করলে ট্রেনটির দৈর্ঘ্য নির্ণয় করুন।
(A) 120 মিটার (B) 130 মিটার (C) 600 মিটার (D) 110 মিটার

35. যদি 225 গ্রাম একটি সংকর ধাতুতে 5 : 4 অনুপাতে দস্তা ও তামা থাকে, তাহলে অনুপাত 4 : 5 করতে কত গ্রাম তামা যোগ করতে হবে?
(A) 56.25 গ্রাম (B) 54 গ্রাম (C) 52 গ্রাম (D) 50 গ্রাম

36. খুশি 12 টাকা প্রতি হিসাবে 16টি কমলা ও 18 টাকা প্রতি হিসাবে 10টি আপেল কিনেছে। সে একটি আপেলের দাম থেকে 5 টাকা কম দর প্রতি হিসাবে 15টি লেবুও কেনে। যদি প্রথমে তার কাছে 900 টাকা থাকে, তাহলে এখন তার কাছে কত টাকা অবশিষ্ট আছে?
(A) 333 (B) 433 (C) 323 (D) 330

37. একজন ব্যক্তি ঘন্টায় 9 কিলোমিটার গতিবেগে স্রোতের অনুকূলে ও ঘন্টায় 7 কিলোমিটার গতিবেগে স্রোতের প্রতিকূলে একটি বোট চালাতে পারেন। স্রোতের গতিবেগ কত?
(A) $\frac{3}{4}$ কিমি / ঘন্টা (B) 2 কিমি / ঘন্টা (C) 1.5 কিমি / ঘন্টা (D) 1 কিমি / ঘন্টা

38. দু'টি নল একটি ট্যাঙ্ক যথাক্রমে 20 ঘন্টা ও 24 ঘন্টায় পূরণ করতে পারে ও একটি নালী প্রতি ঘন্টায় 44 গ্যালন জল খালি করতে পারে। তিনটি নল একসঙ্গে কাজ করে 40 ঘন্টার মধ্যে একই খালি ট্যাঙ্ক পূরণ করতে পারে। ট্যাঙ্কের ধারণ ক্ষমতা কত?
(A) 700 গ্যালন (B) 670 গ্যালন (C) 660 গ্যালন (D) 610 গ্যালন

39. ঘন্টায় 110 কিলোমিটার ও ঘন্টায় 90 কিলোমিটার গতিবেগে একই দিকে চলা দু'টি ট্রেন 54 সেকেন্ডে একে অন্যকে সম্পূর্ণভাবে অতিক্রম করে। প্রথম ট্রেনের দৈর্ঘ্য 130 মিটার হলে, দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য নির্ণয় করুন।
(A) 165 মিটার (B) 180 মিটার (C) 160 মিটার (D) 170 মিটার

40. 1 কেজি চিনির ক্রয়মূল্য 50 টাকা। একজন দোকানদার এটি 55 টাকা / কেজি দরে বিক্রি করে। তার লাভ বাড়ানোর জন্য দোকানদার 1 কেজির বদলে মাত্র 900 গ্রাম ওজন করে। দোকানদারের অর্জিত শতকরা লাভ (আনুমানিক) নির্ধারণ করুন।
(A) 28% (B) 12% (C) 10% (D) 22%

41. 30 সেন্টিমিটার ব্যাসার্ধের একটি নলাকার পাত্রে 75 সেন্টিমিটার গভীরতা পর্যন্ত জল থাকে। একটি গোলাকার লোহার বল পাত্রে ফেলে দেওয়া হয় ও এতে জলের স্তর 5 সেন্টিমিটার বাড়ে। লোহার বলের ব্যাসার্ধ কত সেন্টিমিটার?
(A) 17 (B) 15 (C) 21 (D) 13

42. অনু 10 ঘন্টার মধ্যে একটি বইয়ের 40 পৃষ্ঠা টাইপ করতে পারে। অনু ও রোহিত একসঙ্গে 54 ঘন্টায় 270 পৃষ্ঠা টাইপ করতে পারে। কত সময়ে (ঘন্টায়) রোহিত একা 20 পৃষ্ঠা টাইপ করতে পারবে?
(A) 10 (B) 20 (C) 30 (D) 40

43. 'x'-এর অনুমানিক মান নির্ণয় করুন যাতে —
(x এর 280% − 8x এর 24% = x এর 125% এর 30% + 512)
(A) 972 (B) 1014 (C) 1302 (D) 1507

44. রাম ও তার পিতার বর্তমান বয়সের অনুপাত 4 : 8; রামের জন্মের সময় তার পিতার বয়স ছিল 36 বছর। রাম ও তার পিতার বর্তমান বয়স নির্ণয় করুন।
(A) 40 ও 69 বছর (B) 36 ও 75 বছর (C) 42 ও 80 বছর (D) 36 ও 72 বছর

45. একটি ত্রিভুজের বাহুর অনুপাত 3 : 3 : 4. যদি ত্রিভুজের ক্ষেত্রফল $32\sqrt{5}$ সেমি$^{2}$ হয়, তাহলে সমান বাহুর দৈর্ঘ্য কত সেন্টিমিটার?
(A) 16 (B) 10 (C) 12 (D) 15

46. যদি 21 জুন 2007 বৃহস্পতিবার হয়, তাহলে 21 জুন 2011 তারিখে সপ্তাহের কোন বার ছিল?
(A) বুধবার (B) সোমবার (C) রবিবার (D) মঙ্গলবার


47. একটি নির্দিষ্ট সাঙ্কেতিক ভাষায় FLAMEকে লেখা হয় 'LPGQK', ও BURNT-কে লেখা হয় 'HYXRZ'; সেই সাঙ্কেতিক ভাষায় 'FRIED'-কে কী লেখা হবে?
(A) LVOJK (B) LVPIJ (C) LWPIJ (D) LVOIJ

48. ছয় বন্ধুর মধ্যে C, V, Z, N, X ও B প্রত্যেকের উচ্চতা আলাদা হয়। Z শুধু অন্য চার বন্ধুর থেকে লম্বা হয়। N শুধুমাত্র একজন বন্ধুর থেকে লম্বা হয়। X, B এর থেকে লম্বা, কিন্তু V-এর থেকে ছোট হয়। V সবথেকে লম্বা নয়। তাহলে সব বন্ধুদের মধ্যে লম্বা কে?
(A) B (B) C (C) N (D) X

# রেলের গ্রুপ 'ডি'

49. তিনটি বিবৃতি I, II ও III সংখ্যাযুক্ত তিনটি সিদ্ধান্ত দিয়ে অনুসরণ করা হয়েছে। বিবৃতিগুলিকে সত্য বলে ধরে নিয়ে, এমনকি যদি সেগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির সঙ্গে তারতম্য বলে মনে হয়, তবে নির্ণয় করুন যে বিবৃতিগুলি থেকে কোন সিদ্ধান্তটি / গুলি যুক্তিযুক্তভাবে অনুসরণ করে।
বিবৃতি :
কিছু মশলা হয় ওষুধ।
সব ওষুধই হয় রাসায়নিক।
কোনো রাসায়নিক নয় সস্তা
সিদ্ধান্ত :
I. কিছু ওষুধ হয় সস্তা।
II. কিছু রাসায়নিক হয় মশলা।
III. কোনো ওষুধই নয় সস্তা।
(A) শুধুমাত্র সিদ্ধান্ত I ও III অনুসরণ করে (B) শুধুমাত্র সিদ্ধান্ত II ও III অনুসরণ করে (C) শুধুমাত্র সিদ্ধান্ত I ও II অনুসরণ করে (D) সব সিদ্ধান্ত অনুসরণ করে

50. প্রদত্ত চিত্রে কয়টি ত্রিভুজ আছে?



(A) 18 (B) 20 (C) 10 (D) 12


51. S, T, U, W, X, Y, J একটি পরিবারের সাতজন সদস্য একসঙ্গে ভ্রমণ করছিলেন। T, U এর ছেলে কিন্তু U, T-এর মা নয়। J, U-এর ভাইয়ের স্ত্রী। S ও U বিবাহিত দম্পতি। X হল U-এর ভাই। W, S-এর মেয়ে। Y হল T-এর ভাই। W-এর সঙ্গে X কীভাবে সম্পর্কিত?
(A) ভাইপো (B) ভাইঝি (C) ভাই (D) বোন

52. নিচের সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সংখ্যাগুলি সম্পর্কিত যে সেটটি নির্বাচন করুন।
(দ্রষ্টব্য : ক্রিয়াকলাপগুলি সম্পূর্ণ সংখ্যার ওপর সঞ্চালিত করা উচিত, সংখ্যাগুলিকে এর উপাদান সংখ্যায় না ভেঙে। যেমন 13–13-এর ওপর ক্রিয়াকলাপ, যেমন 13-এর সঙ্গে যোগ / বিয়োগ / গুণ করা ইত্যাদি করা যেতে পারে। 13 কে 1 ও 3-এ ভেঙে দেওয়া ও তারপর 1 ও 3-তে গাণিতিক ক্রিয়াকলাপ সম্পাদন করার অনুমতি নেই।)
(17, 12, 612)
(6, 14, 252)
(A) (3, 6, 108) (B) (11, 4, 144) (C) (13, 7, 273) (D) 2, 3, 12)

53. একটি নির্দিষ্ট সাঙ্কেতিক ভাষায় 'fruit hat string'কে 'worm bee wheel' হিসাবে 'hat fruit'কে 'bee worm' হিসাবে ও 'string hat' কে 'wheel bee' হিসাবে লেখা হয়। সেই ভাষায় 'fruit'-এর সঙ্কেত কী হবে?
(A) bee (B) worm (C) wheel (D) hat

54. একটি প্রশ্ন দেওয়া হয়েছে, তারপরে 1 ও 2 লেবেলযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নের উত্তর দেওয়ার জন্য বিবৃতিগুলির মধ্যে কোনটি যথেষ্ট / প্রয়োজনীয়, তা নির্ণয় করুন।
প্রশ্ন :
একটি নির্দিষ্ট মাসের 17 তারিখ কোন দিন?
বিবৃতি
1. মাসের শেষ দিন সোমবার।
2. মাসের দ্বিতীয় শনিবার 12 তারিখে।
(A) বিবৃতি 1 বা বিবৃতি 2 যথেষ্ট নয় (B) উভয়ই বিবৃতি 1 ও বিবৃতি 2 প্রয়োজনীয় (C) একা বিবৃতি 2 যথেষ্ট, যখন বিবৃতি 1 একা যথেষ্ট নয় (D) বিবৃতি 1 একা যথেষ্ট, যখন বিবৃতি 2 একা যথেষ্ট নয়

55. অনুপস্থিত সংখ্যা নির্ণয় করুন :




(A) 6 (B) 8 (C) 9 (D) 12

56. নিচের ব্যক্তিদের মধ্যে কে শুদ্ধি আন্দোলন শুরু করেছিলেন, যাতে হিন্দুরা ইসলাম বা খ্রিষ্টান ধর্ম গ্রহণ করেছিল তাদের আসল বিশ্বাস হিন্দু ধর্মে ফিরে যেতে সক্ষম করেছিল?
(A) রামকৃষ্ণ পরমহংস (B) কেশব চন্দ্র সেন (C) নরেন্দ্রনাথ দত্ত (D) দয়ানন্দ সরস্বতী

# রেলের গ্রুপ 'ডি'

**57.** কিংবদন্তি সঙ্গীতজ্ঞ টি. আর. মহালিঙ্গম নিচের কোন বাদ্যযন্ত্র বাজানোর জন্য পরিচিত ছিলেন?
(A) সানাই (B) বাঁশি (C) তবলা (D) পুঙ্গি

**58.** কাংড়া ও কুলু উপত্যকা ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) উত্তরাখণ্ড (B) উত্তর প্রদেশ (C) হিমাচল প্রদেশ (D) জম্মু ও কাশ্মীর

**59.** 'Translating Myself and Others' বইটি কে লিখেছেন?
(A) নিরুপমা রাও (B) সুব্রহ্মনিয়ান স্বামী (C) তামান্না ভাটিয়া (D) ঝুম্পা লাহিড়ী

**60.** সম্প্রতি 16 বছর বয়সে নেপাল থেকে, সর্বকনিষ্ঠ ভারতীয় হিসাবে কে 'মাউন্ট এভারেস্ট'-এর চূড়ায় উঠতে সফল হয়েছেন?
(A) কাম্যা কার্তিকেয়ন (B) স্নেহা রাজপুত (C) মালাবথ পূর্ণা (D) রিতা থ্যাগরাজন

**61.** ভারতীয় সংবিধান অনুসারে, ভারতের রাজ্য আইন পরিষদের সদস্যদের মেয়াদকাল কত বছর?
(A) 10 (B) 3 (C) 4 (D) 6

**62.** ভারতের সংবিধানে রাজ্যসভায় সদস্য মনোনীত করার পদ্ধতি নিচের কোন দেশের সংবিধান থেকে ধার করা হয়েছে?
(A) আয়ারল্যান্ড (B) মার্কিন যুক্তরাষ্ট্র (C) রাশিয়া (D) জার্মানি

**63.** 2024 সালে 'গ্লোবাল জেন্ডার গ্যাপ ইনডেক্স'-এ ভারতের স্থান কত তম?
(A) 127তম (B) 128তম (C) 129তম (D) 130তম

**64.** অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী এখন কে?
(A) পবন কল্যাণ (B) দগ্গুবতী পুরন্দেশ্বরী (C) এস. আব্দুল নাজির (D) এন. চন্দ্রবাবু নাইডু

**65.** সম্প্রতি সাহিত্য আকাদেমি ফেলোশিপ কোন লেখককে দেওয়া হয়েছে, যেটি সাহিত্য সংগঠনের দেওয়া সর্বোচ্চ সাহিত্য সম্মান?
(A) ঝুম্পা লাহিড়ী (B) অরুন্ধতী রায় (C) অমিতাভ ঘোষ (D) রাসকিন বন্ড

## চটপট উত্তরের বিশ্লেষণ

**1(A). 2(A). 3(C). 4(C). 5(B). 6(B). 7(B). 8(B). 9(C). 10(C). 11(D). 12(D). 13(B). 14(C). 15(D). 16(D). 17(B). 18(D). 19(D). 20(B). 21(A). 22(B). 23(D). 24(B). 25(B).**

**26(B).** প্রথম সংখ্যা = 456, দ্বিতীয় সংখ্যা = 553
গণনা :
⇒ 456 – 6 = 450
⇒ 553 – 3 = 550
এখন,
⇒ 450 = 5×3×3×2×5
⇒ 550 = 5×11×2×5
450 ও 550-এর গ.সা.গু = 5×5×2 = 50
তাহলে সঠিক উত্তর 50

**27(A).** প্রদত্ত সংখ্যা হল 1a2b3c
ধারণা :
11-এর বিভাজ্যতা নিয়মে বলা হয়েছে যে একটি সংখ্যা 11 দিয়ে বিভাজ্য যখন বিজোড় স্থানে অঙ্কের যোগফল ও প্রদত্ত সংখ্যার জোড় স্থানে অঙ্কের যোগফল 11-এর গুণিতক বা 0 এর সমান হয়।
গণনা :
প্রশ্নানুযায়ী,
বিজোড় অবস্থানে অঙ্ক যোগ করলে = 1+2+3 = 6
বিজোড় অবস্থানে অঙ্ক যোগ করলে = a+b+c
এখন,
⇒ (a+b+c) – 6 = 0 বা, 11
প্রথম ক্ষেত্রে, দ্বিতীয় ক্ষেত্রে,
⇒ (a+b+c) – 6 = 0 ⇒ (a+b+c)–6 = 11
⇒ (a+b+c) = 6 ⇒ (a+b+c) = 17
শুধুমাত্র বিকল্প (4) প্রথম ক্ষেত্রে সন্তুষ্ট করে :
a = 4, b = 0, c = 2

**28(D).** সংখ্যাগুলি হল 4, 8, 12, 16 ও 20
ধারণা,
সামন্তরীয় মধ্যক = গড় = (পর্যবেক্ষণের যোগফল)/(পর্যবেক্ষণের সংখ্যা)
গণনা :
পর্যবেক্ষণের যোগফল = 4+8+12+16+20
পর্যবেক্ষণের সংখ্যা = 5
সামন্তরীয় মধ্যক = $\frac{60}{5}$ = 12.

**29(C).** প্রদত্ত :
15% ও 35%-এর ক্রমিক ছাড়
গণনা :
⇒ সমতুল্য ছাড় = 1–(1–15/100) × (1–35/100)
= 0.4475 বা, 44.75%

**30(C).** প্রদত্ত :
শঙ্কুর ব্যাস = 12 সেমি
শঙ্কুর উচ্চতা = 21.7 সেমি
ধারণা :
$\pi = \frac{22}{7}$
অনুসৃত সূত্র :
$V = \frac{1}{3} \times \pi \times r^2 \times h$
যেখানে, V = শঙ্কুর আয়তন, r = শঙ্কুর ব্যাসার্ধ ও h = শঙ্কুর উচ্চতা
গণনা :
মনে করি, শঙ্কুর আয়তন V হবে
$\Rightarrow V = \frac{1}{3} \times \pi \times 6^2 \times 21.7$
$\Rightarrow V = \frac{1}{3} \times \frac{22}{7} \times 36 \times 21.7$
⇒ V = 1 × 22 × 12 × 3.1
⇒ V = 22 × 37.2
⇒ 818.4 সেন্টিমিটার$^3$

**31(B).** Sin (50°+A) – Cos (40°–A)
অনুসৃত সূত্র :
Sin(A) = Cos (90°–A)
গণনা,
Sin(A) = Cos (90°–A) ব্যবহার করে।
⇒ Sin (50°+A) – Cos (40°–A)
⇒ Sin (50°+A) – Sin (90 –40°+A)
⇒ Sin (50°+A) – Sin (50°+A)
= 0

**32(C).** প্রদত্ত :
গণেশ ও রাজেশের বয়সের অনুপাত যথাক্রমে 8 : 7 ও তাদের বয়সের যোগফল 90 বছর।
গণনা,
মনে করি, গণেশের বয়স 8 m
রাজেশের বয়স = 90–8m
⇒ 7m = 90–8m ⇒ 15m = 90 ⇒ m = 6
4 বছর পর তাদের বয়সের অনুপাত = 8m+4 : 7m+4
⇒ 48 + 4 : 42 + 4 ⇒ 52 : 46 ⇒ 26 : 23

**33(C).** মনে করি, একটি পণ্যের মূল্য 100
একটি পণ্যের মূল্য 35% কমানো হয়েছে,
⇒ 100 – (100x35/100) ⇒ 100 – 35 = 65
প্রকৃত মূল্য পেতে নতুন মূল্য বাড়বে,
⇒ (35 : 65) × 100 ⇒ (35/13) × 20
⇒ 700/13 = $53\frac{11}{13}$

**34(C).** দু'টি সেতুর দৈর্ঘ্য 600 মিটার ও 300 মিটার
গৃহীত সময় = 80 সেকেন্ড ও 60 সেকেন্ড
অনুসৃত ধারণা,
সময় = দূরত্ব/গতিবেগ
যদি একটি ট্রেন একটি সেতু অতিক্রম করে, তবে এটি তার নিজস্ব দৈর্ঘ্য + সেতুর দৈর্ঘ্য অতিক্রম করবে
গণনা :
মনে করি, ট্রেনের দৈর্ঘ্য x মিটার
প্রশ্নানুযায়ী,
(600+x) / 80 = (300+x) / 60
⇒ (600+x) / 4 = (300+x) / 3
⇒ 1800 + 3x = 1200 + 4x ⇒ x = 600
তাহলে, ট্রেনের দৈর্ঘ্য = 600 মিটার।

**35(A).** মোট সংকর = 225 গ্রাম
দস্তা ও তামার প্রাথমিক অনুপাত = 5 : 4
দস্তা ও তামার চূড়ান্ত অনুপাত = 4 : 5
অনুসৃত ধারণা,
মিশ্রণ ও বিমিশ্রণ
গণনা
মোট সংকর = 225 গ্রাম
দস্তা ও তামার প্রাথমিক অনুপাত = 5 : 4
তাহলে, দস্তার পদার্থ $225 \times \frac{5}{9}$ = 125
তামার পদার্থ = $225 \times \frac{4}{9}$ = 100
চূড়ান্ত পরিমাণ পেতে x গ্রামকে প্রাথমিক পরিমাণে যোগ করা তামা হিসাবে ধরা যাক।
প্রশ্নানুযায়ী,
$\Rightarrow \frac{125}{100+x} = \frac{4}{5}$ ⇒ 625 = 400+4x
⇒ 225 = 4x ⇒ x = 56.25 গ্রাম

**36(A).** 16টি কমলার দাম = 12 টাকা/প্রতি।
10টি আপেলের দাম = 18 টাকা/প্রতি।
15টি লেবুর দাম = একটি আপেলের দাম 5 টাকা।
খুশির কাছে প্রথমে মোট টাকা ছিল = 900 টাকা।
গণনা,
প্রশ্নানুযায়ী,
16টি কমলার মোট দাম = 16×12 ⇒ 192 টাকা
10টি আপেলের মোট দাম 10×18 ⇒ 180 টাকা
এখন, 15টি লেবুর দাম = 15x (একটি আপেলের দাম –5 টাকা)
⇒ 15×(18–5) ⇒ 15×13 = 195 টাকা
খুশির মোট খরচ হয়েছে = 192+180+195 ⇒ 567 টাকা
খুশির অবশিষ্ট পরিমাণ = 900–567 ⇒ 333 টাকা

**37(D).** B+C = 9 ..........(1)
B–C = 7 ...........(2)
সমীকরণ (1) থেকে সমীকরণ (2) বিয়োগ করি
2C = 2 C = 1 কিলোমিটার/ঘণ্টা

**38(C).**

| নল | গৃহীত সময় | মোট কাজ | দক্ষতা |
|---|---|---|---|
| নল-1 | 20 | | 6 |
| নল-2 | 24 | 120 একক | 5 |
| 1+2+নালী | 40 | | 3 |

সম্মিলিত দক্ষতা = 6+5+নালী = 3
নালীর দক্ষতা = 3–11 = 8 একক
এখানে বিয়োগ চিহ্ন নির্দেশ করে যে, এটি নলের বিপরীতে কাজ করে।
নালীর দক্ষতা = 44 গ্যালন/ঘণ্টা
⇒ 8 একক → 44 ⇒ 1 একক → 44/8 = 5.5
ট্যাঙ্কের ধারণ ক্ষমতা = 120 একক = 120x5.5 = 660 গ্যালন

**39(D).** প্রথম ট্রেনের গতিবেগ : 110 কিলোমিটার/ঘণ্টা
দ্বিতীয় ট্রেনের গতিবেগ : 90 কিলোমিটার/ঘণ্টা
তারা একে অন্যকে সম্পূর্ণভাবে অতিক্রম করে : 54 সেকেন্ডে
প্রথম ট্রেনের দৈর্ঘ্য : 130 মিটার
ধারণা, দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য = একে অন্যকে অতিক্রম করার সময় দ্বারা গুণিত আপেক্ষিক গতি – প্রথম ট্রেনের দৈর্ঘ্য।
গণনা,
⇒ গতিবেগ কিলোমিটার/ঘণ্টা থেকে মিটার/সেকেন্ডে রূপান্তর করে (5/18 দিয়ে গুণ করে) আমরা পাই : 30.56 মিটার/সেকেন্ড ও 25 মিটার/সেকেন্ড।
⇒ আপেক্ষিক গতিবেগ = 30.56 – 25 = 5.56 মিটার/সেকেন্ড
⇒ দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য = 5.56 মিটার/সেকেন্ড x 54 সেকেন্ড = 130 মিটার = 170 মিটার।

**40(D).** 1 কেজি চিনির ক্রয়মূল্য (CP) = 50 টাকা
1 কেজি চিনির বিক্রয়মূল্য (SP) = 55 টাকা
দোকানদারের দেওয়া প্রকৃত ওজন = 900 গ্রাম
সূত্র :
লাভের শতাংশ = [SP–(CP/1000 × প্রদত্ত প্রকৃত ওজন)] /(CP/1000× প্রদত্ত প্রকৃত ওজন) × 100%
সমাধান :
⇒ লাভের শতাংশ = [55–(50/1000×900)] / (50/1000×900)×100%
⇒ লাভের শতাংশ = [55–45] / 45×100%
⇒ লাভের শতাংশ = 10/45 × 100%
⇒ লাভের শতাংশ = 22.22%
তাহলে, দোকানদারের অর্জিত লাভের শতাংশ প্রায় 22%

**41(B). 42(B).** অনু 10 ঘণ্টায় 40 পৃষ্ঠা টাইপ করতে পারে, অনু ও রোহিত একসঙ্গে 54 ঘণ্টায় 270 পৃষ্ঠা টাইপ করতে পারে।
অনুসৃত সূত্র :
মোট কাজ = দক্ষতা × সময়
গণনা :
প্রশ্নানুযায়ী,
অনুর দক্ষতা = 40/10 = 4 পৃষ্ঠা/ঘণ্টা
অনু ও রোহিতের দক্ষতা = 270/54 = 5 পৃষ্ঠা/ঘণ্টা
⇒ রোহিতের দক্ষতা = 5 – 4 = 1 পৃষ্ঠা/ঘণ্টা
20 পৃষ্ঠার জন্য রোহিতের গৃহীত সময় = 20/1 = 20 ঘণ্টা

**43(B).** (x এর 280% – 8x এর 24% = x এর 125% এর 30% + 512)
⇒ 2.8x – 0.24×8x = 0.3 × 1.25x + 512
⇒ 2.8x – 1.92x = 0.375x + 512
⇒ 0.88x – 0.375x = 512
⇒ x = 512/0.505 তাহলে, x = 1014

**44(D).** রাম ও পিতার বয়সের অনুপাত 4 : 8
রামের জন্মের সময় তার পিতার বয়স ছিল 36 বছর
গণনা,
রাম ও তার পিতার বয়সের অনুপাত = 4 : 8 = 1 : 2
মনে করি, রামের বর্তমান বয়স x
তাহলে, তার পিতার বর্তমান বয়স = 2x
এছাড়াও প্রশ্নানুসারে, 2x = 36+x
⇒ x = 36; 2x = 72
তাহলে রাম ও তার পিতার বর্তমান বয়স যথাক্রমে = 36 ও 72 বছর

**45(C).**
**46(D). 47(D).**

**48(B).** (i) Z শুধুমাত্র অন্য চার বন্ধুর থেকে লম্বা।
_ > Z > _ > _ > _
(ii) N শুধুমাত্র এক বন্ধুর থেকে লম্বা।
_ > Z > _ > _ > N > _
(iii) X, B-এর থেকে লম্বা, কিন্তু V-এর থেকে ছোট ও V সবথেকে লম্বা নয়।
C > Z > V > X > N > B
তাহলে, চূড়ান্ত বিন্যাস অনুযায়ী 'C' সবথেকে লম্বা।

**49(B).** বিবৃতি :
কিছু মশলা হয় ওষুধ।
সব ওষুধই হয় রাসায়নিক।
কোনো রাসায়নিক নয় সস্তা।
সিদ্ধান্ত :
I. কিছু ওষুধ হয় সস্তা — অনুসরণ করে না — সব ওষুধ হয় রাসায়নিক ও কোনো রাসায়নিক নয় সস্তা। তাই কিছু ওষুধ হয় সস্তা অবশ্যই অনুসরণ করা হয় না।
II. কিছু রাসায়নিক হয় মশলা — অনুসরণ করে — যেহেতু কিছু মশলা হয় ওষুধ ও সব ওষুধ হয় রাসায়নিক। তাই কিছু রাসায়নিক হয় মশলা অবশ্যই অনুসরণ করা হয়।
III. কোনো ওষুধ নয় সস্তা — অনুসরণ করে — যেহেতু সব ওষুধ হয় রাসায়নিক ও কোনো রাসায়নিক নয় সস্তা। তাই কোনো ওষুধই নয় সস্তা অবশ্যই অনুসরণ করা হয়।
তাহলে, শুধুমাত্র সিদ্ধান্ত II ও III অনুসরণ করে।

**50(B). 51(B). 52(C).** এখানে অনুসরণ করা যুক্তিটি হল : প্রথম সংখ্যা × দ্বিতীয় সংখ্যা × 3 = তৃতীয় সংখ্যা
(17, 12, 612) — 17 × 12 × 3 = 612 ও
(6, 14, 252) — 6 × 14 × 3 = 252
একইভাবে, বিকল্প ও এই একই ধাঁচ অনুসরণ করছে।
(13, 7, 273) — 13 × 7 × 3 = 273. **53(B).**
(fruit) [hat] string — (worm) [bee] wheel
[hat] (fruit) — [bee] (worm)
string [hat] — wheel [bee]
এখানে, সঙ্কেতগুলি হল

| শব্দ | সঙ্কেত |
|---|---|
| hat | bee |
| fruit | worm |

স্পষ্টতই 'fruit' এর সঙ্কেত হল 'worm'.

**54(C).** বিবৃতি :
1. মাসের শেষ দিন সোমবার
শুধুমাত্র বিবৃতি 1 প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়। কারণ আমরা মাসে মোট দিনের সংখ্যা জানি না।
2. মাসের দ্বিতীয় শনিবার 12 তারিখ।
12 — শনিবার
12 + 5 = 17
শনিবার + 5 = বৃহস্পতিবার
তাহলে প্রদত্ত মাসের 17 তারিখ হল বৃহস্পতিবার। প্রশ্নের উত্তর দেওয়ার জন্য বিবৃতি 2ই যথেষ্ট। তাহলে একা বিবৃতি 2 যথেষ্ট যখন বিবৃতি 1 একা যথেষ্ট নয়।

**55(B). 56(D). 57(B). 58(C). 59(D). 60(A). 61(D). 62(A). 63(C). 64(D). 65(D).**

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

৪ ও ৫ এপ্রিল, ২০২৫ (শুক্রবার ও শনিবার)

স্থান : জ্যাক পল হোটেল, হসপিটাল রোড, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর

উপস্থাপনায় :

## কর্মসংস্থান

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

RGCTC

*Sponsored by :* রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র

**In Gracious Presence**

JIS GROUP Educational Initiatives | RICE EDUCATION | SMIT Sikkim Manipal University | CHITKARA UNIVERSITY | DESUN ACADEMY Get Placed by Skills

GSCE digital | GEORGE TELEGRAPH SINCE 1920 www.georgetelegraph.com | CAMELLIA | MOOPLE Institute of Animation and Design | College of Engineering & Management, Kolaghat | TIEM Hotel and Hospitality Management College

Reliable | Infinity The Leader in Education | asecomahilauniversity.org

DR.B.C.ROY SOCIETY | RED APPLE LEARNING | IQ CITY KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR | SBIHM | Webskitters ACADEMY

CIT Uluberia | VIMT | SAMAJKALYAN NURSING INSTITUTE | SAI | IVY Consultancy Services

**বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943**

## রেলে ৯,৯০০ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

১ পাতার পর

মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই যাঁরা এবছর ফাইনাল পরীক্ষা দিয়েছেন, কিন্তু ফল বেরোয়নি, তাঁরা আবেদন করতে পারবেন না। দৃষ্টিশক্তি দরকার A-1. অর্থাৎ, দূরের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ৬/৬, ৬/৬, কাছের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ০.৬, ০.৬।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মী আর অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : RRB/SC/ Rectt. CEN No. : 01/2025 (ALP).

**প্রার্থী বাছাই পরীক্ষা** : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।।) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট : পার্ট-এ ও পার্ট-বি। পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে : (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। দু'টি পার্টেই নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। পার্ট-এ-তে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। পার্ট-বি-তে ৩৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

পার্ট-এ-তে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্টের জন্য ডাকা হবে। অ্যাপ্টিটিউড টেস্টের প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। কোনো নেগেটিভ মার্কিং নেই। সি.বি.এ.টি.-তে প্রতিটি ব্যাটারি টেস্টে ৪২ নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টের পার্ট-এ-তে পাওয়া নম্বরের ওপর ৭০% আর সি.বি.এ.টি. টেস্টের ওপর ৩০% ওয়েটেজ দেখা হবে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ এপ্রিল থেকে ৯ মে'র মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৩০ থেকে ৭০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১২ কপি নিজের কাছে রেখে দেবেন, পরবর্তী ধাপে পরীক্ষার জন্য লাগবে।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.-।' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.-।' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in, প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com